# বিশ্বের আলোচিত বিপ্লব

**সতর্কতা!**

বিখ্যাত 'রুশ বিপ্লব' এবং 'ফরাসি বিপ্লবে'র আলোচনা দেশভিত্তিক করা হয়েছে। অর্থাৎ 'রুশ বিপ্লব' রাশিয়ার প্রেক্ষাপটে এবং 'ফরাসি বিপ্লব' ফ্রান্সের প্রেক্ষাপটের সাথে আলোচনা করা হয়েছে।

## রেনেসাঁ

রেনেসাঁ বলতে মধ্যযুগের পরে ও রিফর্মেশনের আগে বিশেষ করে ইতালিতে ও সাধারণভাবে গোটা ইউরোপের এক ঐতিহাসিক যুগকে বুঝায়। এ যুগের প্রধান বৈশিষ্ট্য ছিল প্রাচীন পুস্তক অধ্যয়নের অনুশীলন বৃদ্ধি করে চিত্রকলায় দৃষ্টিভঙ্গির ব্যবহার এবং বিজ্ঞানের সামগ্রিক উন্নতি। বর্তমানে রেনেঁসা বলতে অন্যান্য ঐতিহাসিক ও সাংস্কৃতিক পর্যায়কেও বোঝানো হয়। এ যুগের ব্যাপ্তিকাল ছিল আনুমানিক ১৪০০ থেকে ১৬০০ শতাব্দী পর্যন্ত।



**রেনেসাঁর সূত্রপাতের নগরী ইতালির ফ্লোরেন্সে রেনেসাঁর অগ্রদূত লিওনার্দো দ্য ভিঞ্চির মূর্তি**

### যেভাবে প্রশ্ন হতে পারে

- **রেনেসাঁ বলতে বুঝায়-** ইউরোপের সাংস্কৃতিক আন্দোলন
- **রেনেসাঁ (Renaissance) অর্থ-** পুনর্জাগরণ বা পুনর্জন্ম।
- **রেনেসাঁর সময়কাল-** ১৩০০-১৬০০ সাল।
- **রেনেসাঁ শুরু হয়-** ইতালির ফ্লোরেন্স নগরী থেকে।
- **রেনেসাঁর বরপুত্র-** নিকোলো ম্যাকিয়াভেলি।
- **রেনেসাঁর অগ্রদূত-** লিওনার্দো দ্য ভিঞ্চি।
- **রেনেসাঁর যুগের আবিষ্কার-** টাইপ মেশিন, মুদ্রণ যন্ত্র (গুটেনবার্গ)।
- **রেনেসাঁর ফলাফল-** ইউরোপের সাংস্কৃতিক ও জ্ঞান-বিজ্ঞানের নতুন যাত্রা যা ইউরোপকে বিশ্ব সভ্যতার নেতৃত্বে নিয়ে আসে।

**রেনেসাঁ যুগের চিত্রশিল্পী ও বিজ্ঞানী**

**চিত্রশিল্পী**
লিওনার্দো দ্য ভিঞ্চি
মাইকেল অ্যাঞ্জেলা
রাফায়েল

**বিজ্ঞানী**
কোপার্নিকাস
গ্যালিলিও



Scanned with CamScanner

## রিফরমেশন

রিফরমেশন বলতে পশ্চিমা বিশ্বের খ্রিস্টান সম্প্রদায়ের মধ্যকার একটি বিভাজনমূলক আন্দোলনকে বোঝায়। জার্মান ধর্মযাজক মার্টিন লুথার আন্দোলনটির সূচনা করেন। 'ত্রিশ বছরের যুদ্ধে'র শেষে ওয়েস্টফ্যালিয়া শান্তি চুক্তির মধ্য দিয়ে এর সমাপ্তি ঘটে।


- **রিফরমেশন (Reformation) অর্থ-** পুনর্গঠন।
- **পরিচয়-** খ্রিস্টান ধর্মের সংস্কার আন্দোলন।
- **অন্যনাম-** প্রোটেস্ট্যান্ট সংস্কার আন্দোলন।
- **রিফরমেশন আন্দোলনের জনক-** মার্টিন লুথার।
- **প্রোটেস্ট্যান্ট ধর্ম বিপ্লবের সূত্রপাত হয়-** ষোড়শ শতকে।
- **রেনেসাঁ যুগে খ্রিস্টান ধর্মকে বিভক্ত করা হয়-** ২ ভাগে।



**জার্মান ধর্মযাজক ও প্রোটেস্ট্যান্ট মতবাদের প্রবক্তা মার্টিন লুথার।**

## ইংল্যান্ডে গৌরবময় বিপ্লব

- **সংঘটিত হয়-** ১৬৮৮ সালে।
- **ফলাফল-** ইংল্যান্ডে মৌলিক মানবাধিকার (Bill of Right) প্রতিষ্ঠা হয় ১৬৮৯ সালে।




## শ্রমিক বিপ্লব

- **সংঘটিত হয়-** ১ মে, ১৮৮৬ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের শিকাগো শহরে।
- **উদ্দেশ্য-** দৈনিক ৮ ঘন্টা শ্রমের সময় নির্ধারণের জন্য।
- **ফলাফল-** বিপ্লব ১৮৮৬ সালে হলেও ১৮৯০ থেকে ১ মে বিশ্ব শ্রমিক দিবস পালিত হচ্ছে।




**১৮৯০ সাল থেকে মে দিবস পালিত হচ্ছে।**

## সবুজ বিপ্লব

সমগ্রবিশ্বে চল্লিশের দশক থেকে ষাট এর দশকের শেষভাগ পর্যন্ত কৃষি বিষয়ক গবেষণা, উন্নয়ন এবং কৃষি প্রযুক্তিতে আমূল পরিবর্তন সাধিত হয়। কৃষির এই আমূল পরিবর্তনকে 'সবুজ বিপ্লব' বলা হয়।

<u>নোট:</u> ব্রিটিশ কৃষি বিপ্লব সংঘটিত হয়েছিল সপ্তদশ শতাব্দীর মধ্যভাগ থেকে উনবিংশ শতাব্দীর মধ্যে। অর্থাৎ অষ্টাদশ শতাব্দীতে।




**সবুজ বিপ্লবের জনক যুক্তরাষ্ট্রের নরমেন বোরলাউগ**



Scanned with CamScanner

# শিল্প বিপ্লব

পুঁজিবাদের উদ্ভব, বাষ্পীয় ইঞ্জিন ও কয়লার খনি আবিষ্কারের ফলে অষ্টাদশ শতকে ইংল্যান্ডে আধুনিক শিল্পায়নের বিকাশ ঘটে এবং অর্থনৈতিক কর্মকান্ডে যে বিস্ময়কর পরিবর্তন সাধিত হয় তাই শিল্পবিপ্লব। শিল্পবিপ্লব শব্দটি প্রথম ব্যবহার করেন ফরাসি সমাজবিদ ও দার্শনিক অগাস্তে ব্যাংকি (১৮৩৭)।



জেমস ওয়াটের স্টীম ইঞ্জিন আবিষ্কার বিপ্লবকে ত্বরান্বিত করে

## যেভাবে প্রশ্ন হতে পারে


- শিল্পবিপ্লব সূত্রপাত হয়- ইংল্যান্ডে।
- ইংল্যান্ডের শিল্প বিপ্লবের সময়কাল- অষ্টাদশ শতাব্দী (১৭৬০ সালে)।
- শিল্প বিপ্লবের ফলাফল- বিশ্ব অর্থনীতিতে পুঁজিবাজারের চূড়ান্ত বিকাশ।
- ইংল্যান্ডের শিল্প বিপ্লবের ফলে উপমহাদেশের যে শিল্পের ধ্বংস হয়- কুটির শিল্প।


এ পর্যন্ত মোট ৪টি পর্যায়ে এ বিপ্লব সংঘটিত হয়েছে-

| প্রথম শিল্পবিপ্লব | দ্বিতীয় শিল্পবিপ্লব | তৃতীয় শিল্পবিপ্লব |
|---|---|---|
| সময়কাল- ১৭৫০-১৮৫০<br>আবিষ্কার- বাষ্পীয় ইঞ্জিন (১৭৮৪), কয়লা খনি। | সময়কাল- ১৮৭০-১৯১৪<br>আবিষ্কার- বিদ্যুৎ ব্যবহার উন্নত হয়- টেলিগ্রাফ | সময়কাল- ১৯৬০-১৯৯০<br>আবিষ্কার- ইন্টারনেট প্রসার ঘটে-যোগাযোগ প্রযুক্তির |


### চতুর্থ শিল্প বিপ্লব

- 'চতুর্থ শিল্পবিপ্লব' শব্দটি প্রথম ব্যবহার করেন- ক্লাউস শোয়াব (২০১৫ সালে) 'ফরেন অ্যাফেয়ার্স' আর্টিকেলে এবং 'দ্য ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভ্যুলেশন' গ্রন্থে।
- উদ্দেশ্য- ডিজিটাল প্রযুক্তির উদ্ভাবনের ফলে 'উৎপাদন ব্যবস্থার আধুনিকায়ন'।






রিচার্ড আর্করাইটের সুতা কাটার যন্ত্র আবিষ্কার শিল্পের উন্নতি ঘটায়



স্টীম ইঞ্জিনের ব্যবহার







Scanned with CamScanner

## ইরানের ইসলামি বিপ্লব

ইরানের ইসলামি বিপ্লব হচ্ছে ১৯৭৯ সালে ঘটা একটি যুগান্তকারী বিপ্লব যেটা ইরানকে শাহ মোহাম্মদ রেজা পাহলাভীর একনায়কতন্ত্র থেকে আয়াতুল্লাহ খোমেনির ইসলামিক গণতান্ত্রিক দেশে পরিণত করে। একে বলা হয় ফরাসি এবং বলশেভিক বিপ্লবের পর ইতিহাসের তৃতীয় মহান বিপ্লব।




১৯৭৯ সালে ইরানের তেহরানে আন্দোলনরত জনতা

### যেভাবে প্রশ্ন হতে পারে

- **ইরানের ইসলামি বিপ্লব হয়-** ১৯৭৯ সালে।
- **ইরানের ইসলামি বিপ্লবের নেতৃত্ব দেন-** আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি।
- **ইরানের ইসলামি বিপ্লবের অগ্রনায়ক-** আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি।
- **ইরানের ইসলামি বিপ্লবের মাধ্যমে পতন হয়-** শাহ মুহাম্মদ রেজা পাহলভীর।
- **ইরানের সর্বশেষ রাজা-** শাহ মুহাম্মদ রেজা পাহলভী।
- **বিপ্লবের উদ্দেশ্য-** শিয়া জাতীয়তাবাদ প্রতিষ্ঠা।
- **বিপ্লবের ফলাফল-** ইরান ইসলামি প্রজাতন্ত্রে প্রতিষ্ঠিত হয়।
- **বিপ্লবের প্রতিক্রিয়া-** ১৯৭৯ সালে যুক্তরাষ্ট্রের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন হয়।
- **ইরানে 'শ্বেত বিপ্লব' হয়-** ১৯৬৩ সালে।



এই বিপ্লবে পতন ঘটে
একনায়ক শাহ পাহলভীর



ক্ষমতা নেন
আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি

## ভেলভেট বিপ্লব

- **সংঘটিত হয়-** ১৯৮৯ সালে।
- **পরিচয়-** চেকোশ্লোভাকিয়ার সমাজতন্ত্রবিরোধী শান্তিবাদী আন্দোলন।
- **ফলাফল-** ১৯৯৩ সালে 'ভেলভেট ডিভোর্সের' মাধ্যমে চেকোশ্লোভাকিয়ার পতন হয় এবং 'চেক প্রজাতন্ত্র' ও শ্লোভাকিয়া নামে বিভক্ত হয়ে দুটি রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়।



চেক প্রজাতন্ত্রের রাজধানী 'প্রাগ'-এ আন্দোলনরত জনতা



Scanned with CamScanner

## আরব বসন্ত

২০১০ সালের ১৭ ডিসেম্বর তিউনিশিয়ায় পুলিশের দুর্নীতি, দুর্ব্যবহার ও বেকারত্বের প্রতিবাদে মোহাম্মদ বুয়াজিজি নিজের গায়ে আগুন দিয়ে বিদ্রোহ করে। ১৮ দিন মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে বুয়াজিজি মারা গেলে আন্দোলন প্রবল আকার ধারণ করে পতন ঘটে ২৩ বছরের শাসক বেন আলীর। এ ঘটনাকে কেন্দ্র করে অন্যান্য দেশেও দীর্ঘকাল ধরে ক্ষমতায় থাকা শাসকদের পতন ঘটে। ২০১০ সালে শুরু হয়ে বিশ্বের বিভিন্ন দেশে বয়ে যাওয়া গণ বিপ্লবের ঝড়কে আরব বসন্ত হিসেবে আখ্যায়িত করা হয়েছে।



তিউনিশিয়ার সিদি বউজিদ শহরে নিজ গায়ে আগুন দিয়ে আত্মাহুতি দেন মোহাম্মদ বোয়াজিজি

### যেভাবে প্রশ্ন হতে পারে

- **আরব বসন্ত (Arab Spring) সূচনা হয়-** ১৭ ডিসেম্বর, ২০১০ সালে।
- **আরব বসন্ত শুরু হয়-** তিউনিশিয়ায়।
- **আরব বসন্তের বিভিন্ন দেশে বিপ্লবের নাম -**

| দেশ | বিপ্লবের নাম | বিক্ষোভস্থল |
|---|---|---|
| তিউনিশিয়া | জুঁই বা জেসমিন বিপ্লব | তিউনিশ |
| লিবিয়া | গ্রিন বিপ্লব | ত্রিপলির গ্রিন স্কয়ার |
| মিশর | নীল বিপ্লব | কায়রোর তাহরির স্কয়ার |

- **আরব বসন্তের ফলে পতন ঘটে-** উল্লেখযোগ্য চারজন শাসকের।

### চার শাসকের পতন



**জয়নুল আবেদীন বেন আলী**
তিউনিশিয়ায় ক্ষমতায় ছিলেন ২৩ বছর



**হোসনি মোবারক**
মিশরে ক্ষমতায় ছিলেন ৩০ বছর



**মুয়াম্মার গাদ্দাফী**
লিবিয়ায় ক্ষমতায় ছিলেন ৪২ বছর



**আলী আব্দুল্লাহ সালেহ**
ইয়েমেনে ক্ষমতায় ছিলেন ৩৩ বছর

## কিউবা বিপ্লব

- **সংঘটিত হয়-** ১ জানুয়ারি, ১৯৫৯ সালে।
- **নেতৃত্ব দেয়-** ফিদেল ক্যাস্ট্রো।
- **ফিদেল ক্যাস্ট্রো কিউবা আক্রমণ করে-** মেক্সিকো থেকে।
- **বিপ্লবে ব্যবহৃত জাহাজের নাম-** গ্রানামা।
- **বিপ্লবে প্রেরণা দেয় চে গুয়েভারার লিখিত গ্রন্থ-** Guerrilla Warfare.



Scanned with CamScanner

## চীনের সাংস্কৃতিক বিপ্লব

- সাংস্কৃতিক বিপ্লব- Cultural Revolution.
- সংঘটিত হয়- ১৯৬৬-১৯৭৬ সাল পর্যন্ত; চীনে।
- নেতৃত্ব দেয়- মাও সেতুং।
- বিপ্লবের উদ্দেশ্য- সমাজতান্ত্রিক ও সাম্যবাদী সংস্কৃতির জন্ম দেওয়া।

## চীনের জাতীয়তাবাদী বিপ্লব

- সংঘটিত হয়- ১৯১১-১৯১২ সাল।
- অপর নাম- চীনা বিপ্লব।
- নেতৃত্ব দেন- চীনের জনক সান ইয়াৎ সেন।
- পতন হয়- কিং সাম্রাজ্যের রাজা পুইয়ের।
- কিং সাম্রাজ্যের অপর নাম- মাঞ্চু রাজবংশ।
- ফলাফল- চীনের দুই হাজার বছরের রাজতন্ত্রের অবসান।



সান ইয়াৎ সেন

## চীনের সমাজতান্ত্রিক বিপ্লব

- সংঘটিত হয়- ১ অক্টোবর, ১৯৪৯ সালে।
- নেতৃত্ব দেয়- মাও সেতুং।
- গণপ্রজাতন্ত্রী চীনের প্রথম চেয়ারম্যান- মাও সেতুং।
- বিপ্লবের পতন হয়- কুওমিন্টাং দলের নেতা কাইশেকের।
- ফলাফল- পুঁজিবাদী শাসন ব্যবস্থার অবসান এবং সমাজতান্ত্রিক শাসন ব্যবস্থা চালু হয়।



মাও সেতুং

### অন্যান্য গুরুত্বপূর্ণ বিপ্লব

| বিপ্লবের নাম ও দেশ | সাল | বিপ্লবের নাম ও দেশ | সাল |
|---|---|---|---|
| হাঙ্গেরিয়ান বিপ্লব (হাঙ্গেরি) | ১৯১৯ | রোজ বিপ্লব (জর্জিয়া) | ২০০৩ |
| আগস্ট বিপ্লব (ভিয়েতনাম) | ১৯৪৫ | অরেঞ্জ বিপ্লব (ইউক্রেন) | ২০০৪ |
| রাজতান্ত্রিক বিপ্লব (আফগানিস্তান) | ১৯৭৩ | সিডার বিপ্লব (লেবানন) | ২০০৫ |
| বলিভিয়ান বিপ্লব (ভেনেজুয়েলা) | ১৯৯৮ | টিউলিপ বিপ্লব (কিরগিজস্তান) | ২০০৫ |



'টিউলিপ' কিরগিজস্তানের জাতীয় ফুল। এছাড়াও তুরস্ক, নেদারল্যান্ড ও হাঙ্গেরির জাতীয় ফুল টিউলিপ।



Scanned with CamScanner

# বিগত বছরের প্রশ্ন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

১. রেনেসাঁ যুগের দার্শনিক হলেন- [DU খ ২২-২৩]
ক) বার্ট্রান্ড রাসেল খ) কার্ল মার্কস
গ) নিকোলো ম্যাকিয়াভেলি ঘ) ভলতেয়ার

২. শিল্প বিপ্লব সংঘটিত হয়- (DU খ ০৬-০৭)
ক) সতের শতকে খ) আঠার শতকে গ) উনিশ শতকে ঘ) বিশ শতকে

৩. ইউরোপে শিল্প বিপ্লব সংঘটিত হয় কোন শতাব্দীতে? (DU খ ০৬-০৭/ চবি-ঘ' ০২-০৩)
ক) বিংশ খ) উনবিংশ গ) অষ্টাদশ ঘ) সপ্তদশ

## বি সি এস

৪. ব্রিটিশ কৃষি বিপ্লব কখন সংঘটিত হয়েছিল? (42 BCS)
ক) উনবিংশ শতাব্দীতে খ) অষ্টাদশ শতাব্দীতে
গ) ষোড়শ শতাব্দীতে ঘ) চতুর্দশ শতাব্দীতে

## অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

৫. ইরানের ইসলামি বিপ্লবের স্থপতি- (চবি, ০৩-০৪)
ক) আয়াতুল্লাহ আলী খোমেনী খ) আয়াতুল্লাহ খোমেনী
গ) প্রেসিডেন্ট খাতামী ঘ) আলী আকবর রাফসান জানী

৬. ইরানে ইসলামিক বিপ্লব কখন সংঘটিত হয়? (জবি, ০৭-০৮)
ক) ১৯৭৮সালে খ) ১৯১৭সালে গ) ১৯৭৯সালে ঘ) ১৯৮৯সালে

৭. 'অরেঞ্জ রেভ্যুলেশন' কোথায় সংঘটিত হয়েছে? (প্রতিরক্ষা মন্ত্রণালয় অ্যাডমিনিস্ট্রেশন অফিসার-০৬)
ক) যুক্তরাষ্ট্রে খ) পূর্ব ইউরোপে গ) জার্মানিতে ঘ) ইউক্রেনে

৮. শিল্প বিপ্লব কখন হয়েছিল? (ববি খ' ১৫-১৬)
ক) ১৯০০-১৯৫০ সালে খ) ১৭৬০-১৮৩০ সালে
গ) ১৮৫০-১৯২০ সালে ঘ) ১৫৬০-১৭২৯ সালে

৯. আমেরিকার গৃহযুদ্ধের মেয়াদ- (ববি ঘ' ১৫-১৬)
ক) ১৬১৮-১৬৪৮ সালে খ) ১৯৮০-১৯৮৮ সালে
গ) ১৭৭৫-১৭৮০ সালে ঘ) ১৮৬১-১৮৬৫ সালে

১০. চীনে কত সালে কমিউনিজম প্রতিষ্ঠিত হয়? (জাহাবি, আন্তর্জাতিক সম্পর্ক, ০৯-১০)
ক) ১৯৭১ খ) ১৯৫০ গ) ১৯৮০ ঘ) ১৯৪৯

১১. সাংস্কৃতিক বিপ্লব কোথায় সংঘটিত হয়? (জবি-ঘ, ০৯-১০)
ক) কিউবা খ) চীন গ) রাশিয়া ঘ) চিলি

১২. Renaissance কথাটির অর্থ কী? (মহা হিসাবরক্ষক এর অধীনে 'অধীক্ষক'-৯৮)
ক) মৃত্যু খ) বার্ধক্য গ) পৌঢ়ত্ব ঘ) নবজীবন

১৩. ইউরোপে রেনেসাঁ শুরু হয়- (দুদক-০৪)
ক) পঞ্চদশ শতাব্দীতে খ) ষোড়শ শতাব্দীতে
গ) চতুর্দশ শতাব্দীতে ঘ) সপ্তদশ শতাব্দীতে

১৪. ইংল্যান্ডের শিল্প বিপ্লবের ফলে উপমহাদেশের কোন শিল্পের ধ্বংস হয়? (মা: বি: সহকারী শিক্ষক, ০১)
ক) বস্ত্র শিল্প খ) কুটির শিল্প গ) কাগজ শিল্প ঘ) পাট শিল্প

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. গ | ২. খ | ৩. গ | ৪. খ | ৫. খ | ৬. গ | ৭. ঘ | ৮. খ |
| ৯. ঘ | ১০. ঘ | ১১. খ | ১২. ঘ | ১৩. গ | ১৪. খ | | |



Scanned with CamScanner

# ইতিহাসের আলোচিত যুদ্ধ

## ধর্মযুদ্ধ (Crusade)

জেরুজালেম শহরটি মুসলিম, খ্রিস্টান এবং ইহুদি তিনটি ধর্মের জন্যই পবিত্র স্থান। ক্রুসেড শব্দটি দ্বারা মূলত ধর্মীয় যুদ্ধকে বুঝানো হয়। বিশ্ব ইতিহাসে ক্রুসেড বলতে বুঝায় পবিত্র ভূমি জেরুজালেম এর অধিকার নেওয়ার জন্য ইউরোপের খ্রিস্টানদের সম্মিলিত শক্তি মুসলমানের বিরুদ্ধে ১০৯৫-১২৯১ সাল পর্যন্ত যে যুদ্ধ অভিযান পরিচালনা করে।

### ধর্মযুদ্ধ ক্রুসেডের কারণ

- জেরুজালেম অধিকার
- কন্সট্যান্টিনোপল অধিকার
- পোপতন্ত্রের শ্রেষ্ঠত্ব রক্ষা করা
- রাজনৈতিক আধিপত্য স্থাপন



ক্রুসেডে মুসলমানের পক্ষে নেতৃত্বদানকারী বীরযোদ্ধা গাজী সালাউদ্দীন আইয়ুবি

### আরো জানতে হবে

- প্রথম ক্রুসেড শুরু হয় ১০৯৫ সালে পোপ দ্বিতীয় আরবানের সময়কালে।
- মুসলমানের পক্ষে-নেতৃত্বদানকারী বীর-গাজী সালাহউদ্দীন আইয়ুবি।
- সালাহউদ্দীন আইয়ুবি ছিলেন কুর্দি জাতিগোষ্ঠীর লোক।

## শতবর্ষব্যাপী যুদ্ধ

ইংল্যান্ডের রাজা তৃতীয় এডওয়ার্ড ফ্রান্সের সিংহাসন দাবী করলে শতবর্ষব্যাপী যুদ্ধ আরম্ভ হয়। ইংল্যান্ড ও ফ্রান্সের এই যুদ্ধ স্থায়ী ছিল ১৩৩৮ সাল থেকে ১৪৫৩ সাল পর্যন্ত। এই যুদ্ধে ফ্রান্স জয়লাভ করে।

## প্রথম আফিম যুদ্ধ

উনিশ শতকের ইঙ্গ-চীন যুদ্ধকে আফিম যুদ্ধ বলা হয়। ১৮৩৯-৪২ সালে আফিম বাণিজ্য ও ইংরেজদের সাম্রাজ্যবাদী মনোভাবের কারণে প্রথম আফিম যুদ্ধ সংঘটিত হয়। ব্রিটিশ ও চীনের মধ্যে নানকিং চুক্তির মাধ্যমে ১৯৪২ সালে প্রথম আফিম যুদ্ধ সমাপ্ত হয়। ১ম আফিম যুদ্ধে চীন ব্রিটেনের শর্ত মেনে নিতে বাধ্য হয়।

## দ্বিতীয় আফিম যুদ্ধ

১৮৫৬ সালে চীন কর্তৃক ব্রিটেনের পতাকাবাহী জাহাজ আটক করলে দ্বিতীয় আফিম যুদ্ধ সংঘটিত হয়। দ্বিতীয় আফিম যুদ্ধেও চীন পরাজিত হয়। দ্বিতীয় আফিম যুদ্ধের ব্যাপ্তি ছিল ১৮৫৬ সাল থেকে ১৮৬০ সাল পর্যন্ত।

## ক্রিমিয়া যুদ্ধ

অটোমান সাম্রাজ্য ও রুশ-সাম্রাজ্যের মধ্যে ক্রিমিয়া যুদ্ধ সংঘটিত হয়। ১৮৫৩ সাল থেকে ১৮৫৬ সাল পর্যন্ত এই যুদ্ধ চলে। অটোম্যান সাম্রাজ্যকে সহায়তা প্রদান করে বৃটেন ও ফ্রান্স। এই যুদ্ধে যুদ্ধাহত সৈনিকদের সেবা-যত্ন করার কারণে স্মরণীয় হয়ে আছেন ফ্লোরেন্স নাইটিঙ্গেল। তিনি দিনের বেলায় যুদ্ধাহতদের সেবা করার পর রাতে মোমবাতি হাতে তাদের খোঁজ খবর নিতেন। এজন্য ফ্লোরেন্স নাইটিঙ্গেলকে **"দ্য লেডি ইউথ দ্য ল্যাম্প"** বলা হয়।



ফ্লোরেন্স নাইটিঙ্গেলকে বলা হয় "দ্য লেডি উইথ দ্য ল্যাম্প"



Scanned with CamScanner

## চীন-জাপান যুদ্ধ (১৮৯৪-১৮৯৫)

কোরিয়ায় প্রভাব বিস্তারকে কেন্দ্র করে ১৮৯৪-৯৫ সালে প্রথম চীন-জাপান যুদ্ধ সংঘটিত হয়। জাপানের লক্ষ্য ছিল কোরিয়া দখল করা, যাতে সহজেই মাঞ্চুরিয়ায় আধিপত্য বিস্তার করা যায়। কোরিয়া ও মাঞ্চুরিয়ার মাঝখানে রয়েছে ইয়েলো নদী। চীন-জাপান যুদ্ধে চীন পরাজিত হয়। ১৮৯৫ সালে শিমোনোসকি সন্ধি স্বাক্ষরের মধ্য দিয়ে এই যুদ্ধের সমাপ্তি ঘটে।

## ইঙ্গ-বার্মা যুদ্ধ

প্রথম ইঙ্গ-বার্মা যুদ্ধ (১৮২৪-১৮২৬) বার্মার ইতিহাসে একটি নতুন অধ্যায়ের সূচনা করে। মূলত প্রথম ইঙ্গ-বার্মা যুদ্ধ ছিল বার্মায় ব্রিটিশ উপনিবেশ প্রতিষ্ঠার প্রথম পদক্ষেপ। ১৮৫২ সালে সংঘটিত দ্বিতীয় ইঙ্গ-বার্মা যুদ্ধেও বার্মা রাজারা পরাজিত হয়। ব্রিটিশরা তৃতীয় ইঙ্গ-বর্মী (১৮৮৫-৮৬) যুদ্ধের জয়ে মাধ্যমে বার্মাকে সম্পূর্ণ উপনিবেশিক শাসনে পরিণত করে।

### আরো জানতে হবে

- **প্রথম ইঙ্গ-বর্মী যুদ্ধের সমাপ্তি হয়-** ইয়ানজাবুক চুক্তির মাধ্যমে।
- **প্রাথমিকভাবে বার্মা ব্রিটিশ উপনিবেশে পরিণত হয়-** ১৮২৪ সালে, সম্পূর্ণভাবে ব্রিটিশ উপনিবেশে পরিণত হয়, ১৮৮৫ সালে।
- **দ্বিতীয় ইঙ্গ-বার্মা যুদ্ধের সময় ভারতের গর্ভনর জেনারেল ছিলেন-** লর্ড ডালহৌসি।
- **দ্বিতীয় ইঙ্গ-বার্মা যুদ্ধের সময় বার্মার রাজা ছিলেন-** প্যাগ্যান মিন।
- **বার্মা সম্পূর্ণভাবে ব্রিটিশ উপনিবেশে পরিণত হয় এবং বার্মাতে রাজতন্ত্রের অবসান ঘটে-** ১৮৮৫ সালে।
- **তৃতীয় ইঙ্গ-বার্মা যুদ্ধের সময় বর্মী রাজা ছিলেন-** রাজা থিবো (পরাজয়ের পর ভারতের মাদ্রাজের রত্নাগিরিতে নির্বাসিত হন।)

## আমেরিকার গৃহযুদ্ধ

১৮৬১ সালে মার্কিন যুক্তরাষ্ট্রে গৃহযুদ্ধের সূত্রপাত হয়। আব্রাহাম লিংকনের ইউনিয়ন সরকারের সাথে দাস নির্ভর দক্ষিণের ১১টি প্রদেশের মাঝে এই গৃহযুদ্ধ সংঘটিত হয়। প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন ও রিপাবলিক দল ছিল দাস প্রথার ঘোরতর বিরোধী। অন্যদিকে কনফেডারেট স্টেটসরা ছিল দাস প্রথার পক্ষে।



**আমেরিকার গৃহযুদ্ধকালীন প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন জন উইল্‌ক্স বুথ নামক আততায়ীর গুলিতে নিহত হন**

### ফলাফল

- যুক্তরাষ্ট্রের ভৌগোলিক অখন্ডতা রক্ষা।
- যুক্তরাষ্ট্র থেকে দাস প্রথা বিলোপ।
- আব্রাহাম লিংকন ও ইউনিয়ন সরকারের জয়।



Scanned with CamScanner

## ভিয়েতনাম যুদ্ধ

১৯৫৪ সালে জেনেভা সম্মেলনের মাধ্যমে ভিয়েতনামকে দুই ভাগে বিভক্ত করা হয়। উত্তর ভিয়েতনাম কমিউনিস্ট মতাদর্শ ও দক্ষিণ ভিয়েতনাম পুঁজিবাদী মতাদর্শে পরিচালিত হয়। ১৯৫৫ সালে দুই ভিয়েতনামের মধ্যে যুদ্ধ শুরু হয়। মার্কিন যুক্তরাষ্ট্র এই যুদ্ধে সরাসরি অংশগ্রহণ করে। ১৯৭৩ সালে যুদ্ধ বন্ধের জন্য চুক্তি স্বাক্ষরিত হয় ফ্রান্সের প্যারিসে। ১৯৭৫ সালে আনুষ্ঠানিকভাবে যুদ্ধ বন্ধ হলে ১৯৭৬ সালে দুই ভিয়েতনাম একত্রিত হয়।



**প্যারিস শান্তি চুক্তি করার কারণে লি ডাক থো ও হেনরি কিসিঞ্জার যৌথভাবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন**

## ইরাক-ইরান যুদ্ধ

১৯৭৫ সালে 'শাত-ইল-আরব'সহ বিরোধপূর্ণ সকল দ্বিপক্ষীয় সীমান্ত বিরোধ নিরসনকল্পে ইরাক-ইরানের মধ্যে ঐতিহাসিক আলজিয়ার্স চুক্তি স্বাক্ষরিত হয়। ১৯৭৯ সালে সাদ্দাম হোসেন ইরাকের প্রেসিডেন্ট হলে ১৯৮০ সালে পুনরায় ইরান আক্রমণ করেন। শুরু হয় ইরাক-ইরান যুদ্ধ। সীমান্ত বিরোধ, শিয়া ও কুর্দি সমস্যা এবং তেল সম্পদ ছিল এই যুদ্ধের প্রধান কারণ। চুক্তির শর্তানুসারে উপসাগরের শাত-ইল আরব জলাধার লাভ করে ইরান ।

- **ইরাক-ইরান যুদ্ধ হয়-** সাত-ইল-আরব জলাধারকে কেন্দ্র করে।
- **ইরান-ইরাক যুদ্ধ হয়-** ১৯৮০-৮৮ সালে।
- **ইরান-ইরাক যুদ্ধ হয়-** শাতেল ই আরব জলাধার নিয়ে।
- **যুদ্ধের সমাপ্তি ঘটে-** আলজিয়ার্স চুক্তির মাধ্যমে (১৯৮৮) ।
- **যুদ্ধ বিরতিতে অংশগ্রহণকারী জাতিসংঘের পর্যবেক্ষক মিশন-** UNIIMOG.
- এই যুদ্ধে প্রথম বাংলাদেশের সেনাবাহিনী জাতিসংঘের শান্তিরক্ষীতে অংশ নেয়।

## ফকল্যান্ড যুদ্ধ

১৯৮২ সালে যুক্তরাজ্য ও আর্জেন্টিনার মধ্যে ফকল্যান্ড দ্বীপপুঞ্জগুলোকে কেন্দ্র করে ফকল্যান্ড যুদ্ধ সংঘটিত হয়। ফকল্যান্ড হচ্ছে আটলান্টিক মহাসাগরের কতগুলো দ্বীপের সমষ্টি। ফকল্যান্ড দ্বীপের অপর নাম ইসলাস মালভিনাস। এই যুদ্ধকালীন সময়ে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ছিলেন মার্গারেট থ্যাচার।

## প্রথম উপসাগরীয় যুদ্ধ

১৯৯০ সালে ইরাকের সাদ্দাম হোসেন কর্তৃক কুয়েত দখলকে কেন্দ্র করে প্রথম উপসাগরীয় যুদ্ধ শুরু হয়। ইরাকের বিপক্ষে আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স ও সৌদি আরব সামরিক জোট গঠন করে এবং কুয়েত থেকে সেনা প্রত্যাহারের জন্য আহ্বান করে। কিন্তু সাদ্দাম হোসেন এ আহ্বান প্রত্যাখান করেন এবং কুয়েতকে প্রদেশ হিসেবে ঘোষণা করেন। ১৯৯১ সালে মিত্রপক্ষ ইরাক আক্রমণ করে এবং জয় লাভ করে। যুদ্ধের সময় **'অপারেশন ডেজার্ট শিল্ড'** ও **'অপারেশন ডেজার্ট স্টর্ম'** নামে দুটি অপারেশন পরিচালনা করে মিত্র সামরিক জোট। প্রথম উপসাগরীয় যুদ্ধে ইরাকে **'নো ফ্লাই জোন'** গঠিত হয়।



Scanned with CamScanner

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

১. 'মন্ট্রিয়েল প্রোটোকল' যার সঙ্গে সম্পর্কিত— (DU খ' ১৮-১৯)
ক) সাদা বাঘ খ) ক্লোরোফ্লুরোকার্বন গ) পানি দূষণ ঘ) ভূমিক্ষয়

২. ইরাকে কখন মার্কিন-ব্রিটিশ যৌথ সামরিক অভিযান শুরু হয়? (DU ঘ' ০৪-০৫, 25 BCS)
ক) ১৮ মার্চ ২০০৩ খ) ২০ মার্চ ২০০৩ গ) ২২ মার্চ ২০০৩ ঘ) ২৪মার্চ ২০০৩

৩. নিম্নের কোন দুটি দেশ এখনও বাস্তবিকপক্ষে যুদ্ধরত রয়েছে? (DU ঘ' ০৭-০৮)
ক) ভারত ও পাকিস্তান খ) উত্তর কোরিয়া দক্ষিণ কোরিয়া
গ) চীন ও জাপান ঘ) USA ও জার্মানি

৪. ইরাক আক্রমণে আমেরিকার সমর্থনকারী দেশ ছিল না- (DU খ' ০৩-০৪)
ক) যুক্তরাজ্য খ) ফ্রান্স গ) জাপান ঘ) অস্ট্রেলিয়া

৫. ওয়াটার-লু যুদ্ধক্ষেত্র কোথায় অবস্থিত? (DU ঘ' ১১-১২/ MC 01-02/ থানা শিক্ষা অফিসার ০৫)
ক) বেলজিয়াম খ) জাপান গ) ইংল্যান্ড ঘ) জার্মানি

৬. আফিম-যুদ্ধ কোন রাষ্ট্রসমূহের মধ্যে সংঘটিত হয়েছিল? (DU ঘ' ১২-১৩)
ক) চীন ও যুক্তরাজ্য খ) চীন ও যুক্তরাষ্ট্র গ) চীন ও রাশিয়া ঘ) চীন ও ফ্রান্স

### বি সি এস

৭. ইসরাইল কত সালে পূর্ব জেরুজালেম দখল করেছিল? (23BCS)
ক) ১৯৪৮ খ) ১৯৬০ গ) ১৯৬৭ ঘ) ১৯৭৩

৮. মধ্যপ্রাচ্যে কখন প্রথম তেলঅস্ত্র ব্যবহার করা হয়েছিল? (25BCS)
ক) ১৯৭৩ খ) ১৯৮১ গ) ১৯৯১ ঘ) ২০০৩

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

৯. বদরের যুদ্ধ কত সালে সংঘটিত হয়? (পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক-০৭)
ক) ৬২০সালে খ) ৬২১সালে গ) ৬২২সালে ঘ) ৬২৪সালে

১০. ওয়াটার-লু যুদ্ধ কোন সালে হয়েছিল? (রাবি-লোকপ্রশাসন বিভাগ, ০২-০৩)
ক) ১৮১৫ খ) ১৮২৭ গ) ১৮২৬ ঘ) ১৮৪০

১১. কোরীয় যুদ্ধ কোন সনে আরম্ভ হয়? (সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৭)
ক) ১৯৪৮ খ) ১৯৫০ গ) ১৯৫১ ঘ) ১৯৫২

১২. ১৯৬৭ আরব-ইসরাইল যুদ্ধের স্থায়িত্বকাল কতদিন? (আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট-০৫)
ক) ৬ দিন খ) ১০ দিন গ) ১১ দিন ঘ) ১২ দিন

১৩. ইরান-ইরাক যুদ্ধ শুরু হয়- (বাংলাদেশ ব্যাংক, ৮৮)
ক) ১৯৭৯ খ) ১৯৮১ গ) ১৯৮২ ঘ) ১৯৮০

১৪. আর্জেন্টিনা কত সালে ফকল্যান্ডে দখল করে নিয়েছিল?
ক) ১৯৮১ খ) ১৯৮২ গ) ১৯৮৫ ঘ) ১৯৮৬

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. খ | ২. খ | ৩. খ | ৪. খ | ৫. ক | ৬. ক | ৭. গ | ৮. ক |
| ৯. ঘ | ১০. ক | ১১. খ | ১২. ক | ১৩. ঘ | ১৪. খ | | |



Scanned with CamScanner

# গুরুত্বপূর্ণ চুক্তি

৬২২ সালে হযরত মুহাম্মদ (সা.) মদিনা নগরীতে হিজরত করেন। সে সময়ে বানু আউস ও বানু খাযরাজ সম্প্রদায় দ্বন্দ্বে লিপ্ত ছিল। দুটি সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি স্থাপনে মুহাম্মদ (সা.) ৪৭ ধারার একটি 'সনদ' বা 'সংবিধান' প্রণয়ন করেন যা ইতিহাসে মদিনা সনদ (Charter of Medina) নামে পরিচিত। এটিই পৃথিবীর প্রথম লিখিত চুক্তি/সনদ/সংবিধান।



## ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি

- **স্বাক্ষরিত হয়-** ১৬৪৮ সালে (স্বাক্ষরিত মোট চুক্তি- ৩টি)।
- **স্থান-** ওয়েস্টফেলিয়া, জার্মানি।
- **ফলাফল-** ৩০ বছরের যুদ্ধের (Thirty Year's War) সমাপ্তি হয়।
- **স্বাক্ষর করে-** রোমান ক্যাথলিকদের এবং প্রোটেস্ট্যান্টদের মধ্যে।
- **চুক্তির কারণ-** ইউরোপে ধর্ম এবং রাজনীতি নিয়ে ১৬১৮ সাল থেকে শুরু হওয়া যুদ্ধের সমাপ্তির জন্য।

## মানবাধিকার সনদ ১৯৪৮

- **স্বাক্ষরিত হয়-** ১০ ডিসেম্বর, ১৯৪৮।
- **স্থান-** জাতিসংঘের সদর দপ্তরে।
- **চুক্তিটি খসড়া প্রস্তুত করেন-** নোবেল বিজয়ী ওরেন ক্যাসিন।
- **উদ্দেশ্য-** মানবজাতির প্রতিটি মানুষের সমান অধিকার রক্ষা।

## আটলান্টিক সনদ ১৯৪১

- **স্বাক্ষরিত হয়-** ১৪ আগস্ট, ১৯৪১।
- **স্থান-** ব্রিটিশ রণতরী প্রিন্সেস অব ওয়েলস।
- **স্বাক্ষর করে-** যুক্তরাষ্ট্র ও ব্রিটেন।
- **যুক্তরাষ্ট্রের পক্ষে স্বাক্ষর করেন-** সাবেক মার্কিন প্রেসিডেন্ট ফ্রাংকলিন ডি রুজভেল্ট।
- **ব্রিটেনের পক্ষে স্বাক্ষর করেন-** সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল।
- **উদ্দেশ্য ছিল-** দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীতে শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা।

## বেলফাস্ট চুক্তি ১৯৯৮

- **স্বাক্ষরিত হয়-** ১০ এপ্রিল, ১৯৯৮।
- **স্থান-** বেলফাস্ট, উত্তর আয়ারল্যান্ড।
- **বেলফাস্ট চুক্তির অন্য নাম-** গুড ফ্রাইডে চুক্তি।
- **স্বাক্ষর করে-** ব্রিটেন ও আয়ারল্যান্ড।
- **ফলাফল-** উত্তর আয়ারল্যান্ডে শান্তি স্থাপিত হয়।



Scanned with CamScanner

# ফ্রান্সে স্বাক্ষরিত চুক্তিসমূহ

| | |
|---|---|
| প্যারিস চুক্তি ১৭৮৩ | ◆ স্বাক্ষরিত হয়- ১৭৮৩ সালে।<br>◆ স্বাক্ষর করে- ব্রিটেন ও যুক্তরাষ্ট্র।<br>◆ উদ্দেশ্য- মার্কিন যুক্তরাষ্ট্রের সার্বভৌমত্ব স্বীকার করে নেয়া।<br>◆ ফলাফল- আনুষ্ঠানিকভাবে আমেরিকার স্বাধীনতা যুদ্ধের পরিসমাপ্তি। |
| প্রথম ভার্সাই চুক্তি ১৭৮৩ | ◆ স্বাক্ষরিত হয়- ১৭৮৩ সালে।<br>◆ স্বাক্ষর করে- ব্রিটেন ও যুক্তরাষ্ট্র।<br>◆ স্বাক্ষরিত হয়- ফ্রান্সের ভার্সাই নগরীর 'হল অব মিরর' প্রাসাদে।<br>◆ ফলাফল- মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতা।<br>◆ ভার্সাই- ফ্রান্সের প্যারিসের একটি উপশহর।<br>◆ অপর নাম- মার্কিন স্বাধীনতা রক্ষা চুক্তি। |
| দ্বিতীয় ভার্সাই চুক্তি ১৯১৯ | ◆ স্বাক্ষরিত হয়- ১৯১৯ সালে।<br>◆ স্বাক্ষর করে- প্রথম বিশ্বযুদ্ধের মিত্রশক্তি ও জার্মানি।<br>◆ স্থান- ফ্রান্সের ভার্সাই নগরীতে।<br>◆ উদ্দেশ্য- জার্মানিকে যুদ্ধাপরাধী চিহ্নিতকরণ এবং যুদ্ধের ক্ষতিপূরণ আদায়।<br>◆ ফলাফল- প্রথম বিশ্বযুদ্ধের জন্য জার্মানীর ক্ষতিপূরণ প্রদান। |
| প্যারিস শান্তি চুক্তি ১৯৭৩ | ◆ স্বাক্ষরিত হয়- ১৯৭৩ সালে।<br>◆ স্বাক্ষর করে- ভিয়েতনাম ও যুক্তরাষ্ট্র।<br>◆ স্থান- ফ্রান্সের রাজধানী প্যারিসে।<br>◆ উদ্দেশ্য- ভিয়েতনাম ও যুক্তরাষ্ট্রের মধ্যে দ্বন্দ্বের অবসান ঘটানো।<br>◆ ফলাফল- ভিয়েতনাম যুদ্ধের অবসান। |
| ডেটন চুক্তি ১৯৯৫ | ◆ স্বাক্ষরিত হয়- ১৯৯৫ সালে<br>◆ স্থান- প্যারিস, ফ্রান্স।<br>◆ অন্য নাম- 'প্যারিস প্রটোকল' অথবা 'ডেটন-প্যারিস চুক্তি'।<br>◆ স্বাক্ষর করে- বসনিয়া অ্যান্ড হার্জেগোভিনা, সার্বিয়া এবং ক্রোয়েশিয়া ও (মন্টিনিগ্রো)।<br>◆ উদ্দেশ্য- বসনিয়া যুদ্ধের অবসান ঘটানো।<br>◆ উদ্যোক্তা- সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন।<br>◆ নামকরণ- ১৯৯৫ সালের নভেম্বরে যুক্তরাষ্ট্রের ওহিও রাজ্যের 'ডেটন' শহরে এ চুক্তির ব্যাপারে মতৈক্য হয়। |



Scanned with CamScanner

## যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়নের মধ্যকার চুক্তি

| | |
|---|---|
| **Outer Space Treaty** | ♦ **পরিচয়-** মহাকাশ ও পানির নিচে অস্ত্র পরীক্ষা নিষিদ্ধকরণ চুক্তি।<br>♦ **চুক্তি স্বাক্ষরিত হয়-** ২৭ জানুয়ারি, ১৯৬৭।<br>♦ **চুক্তি কার্যকর হয়-** ১০ অক্টোবর, ১৯৬৭।<br>♦ **চুক্তিতে স্বাক্ষর করে-** সোভিয়েত ইউনিয়ন ও যুক্তরাষ্ট্র। |
| **ABM** | ♦ **ABM-** Anti-Balistic Missile Treaty.<br>♦ **পরিচয়-** ক্ষেপণাস্ত্র বিধ্বংসী ক্ষেপণাস্ত্র চুক্তি।<br>♦ **পক্ষ-** যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়ন।<br>♦ **স্বাক্ষর-** ২৬ মে, ১৯৭২।<br>♦ **উদ্দেশ্য-** উভয় দেশই ৫ বছরের জন্য আক্রমণাত্মক অস্ত্র তৈরি করবে না এবং উভয় দেশ ২টি করে ABM সিস্টেম কার্যকর রাখবে।<br>♦ **যুক্তরাষ্ট্র প্রত্যাহার করে নেয়-** ১৩ জুন, ২০০২। |
| **SALT-1** | ♦ **SALT 1-** Strategic Arms Limitation Talk-1<br>♦ **পরিচয়-** কৌশলগত অস্ত্র সীমিতকরণ চুক্তি-১।<br>♦ **আলোচনা শুরু-** ১৯৬৯-১৯৭২ (আলোচনার স্থান- হেলসিংকি, ফিনল্যান্ড)।<br>♦ অ্যান্টি ব্যালিস্টিক সিস্টেম এবং অ্যান্টি ব্যালিস্টিক মিসাইল সীমিতকরণে সোভিয়েত ইউনিয়নের লিওনিদ ব্রেজনেভ এবং যুক্তরাষ্ট্রের রিচার্ড নিক্সন এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়- ২৬ মে, ১৯৭২ (মস্কো, রাশিয়া)। |
| **SALT-2** | ♦ **SALT 2-** Strategic Arms Limitation Talk-2<br>♦ **পরিচয়-** কৌশলগত অস্ত্র সীমিতকরণ চুক্তি-২।<br>♦ **সোভিয়েত ইউনিয়ন ও যুক্তরাষ্ট্রের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়-** ১৮ জুন, ১৯৭৯।<br>♦ **SALT-2 চুক্তিটি অনুমোদন দেয়নি-** মার্কিন সিনেট। |
| **INF** | ♦ **চুক্তিটি করা হয়-** কিউবার ক্ষেপণাস্ত্র সংকটের পটভূমিতে।<br>♦ **INF-** Intermediate-Range Nuclear Forces Treaty.<br>♦ **স্বাক্ষরিত হয়-** ১৯৮৭ সালে।<br>♦ **স্বাক্ষর করেন-** মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান ও সোভিয়েত নেতা মিখাইল গর্বাচেভ।<br>♦ **চুক্তি অনুযায়ী-** ক্রুজ ক্ষেপণাস্ত্র স্থাপন করতে পারবে না। |



Scanned with CamScanner

| | |
|---|---|
| START-1 | ◆ START 1 - Strategic Arms Reduction Treaty-1.<br>◆ পরিচয়- কৌশলগত অস্ত্র হ্রাস চুক্তি-১।<br>◆ স্বাক্ষরকারী- মার্কিন প্রেসিডেন্ট জর্জ বুশ এবং সোভিয়েত প্রেসিডেন্ট মিখাইল গর্বাচেভ মস্কোতে স্বাক্ষর করেন।<br>◆ কার্যকর- ৫ ডিসেম্বর, ১৯৯৪।<br>◆ চুক্তির মেয়াদ শেষ- ৫ ডিসেম্বর, ২০০৯। |
| START-2 | ◆ START 2- Strategic Arms Reduction Treaty-2<br>◆ পরিচয়- কৌশলগত অস্ত্র হ্রাস চুক্তি-২।<br>◆ চুক্তি স্বাক্ষর- ৩ জানুয়ারি, ১৯৯৩ (মস্কো)।<br>◆ স্বাক্ষরকারী- মার্কিন প্রেসিডেন্ট জর্জ বুশ এবং সোভিয়েত প্রেসিডেন্ট বরিস ইয়েলেৎসিন।<br>◆ চুক্তি কার্যকর- ১৪ এপ্রিল, ২০০০।<br>◆ রাশিয়া চুক্তি ত্যাগ করে- জুন, ২০০২। |
| New START | ◆ স্বাক্ষরিত হয়- ৮ এপ্রিল, ২০১০ (প্রাগ, চেক প্রজাতন্ত্র)।<br>◆ কার্যকর হয়- ২০১১; মেয়াদ- ১০ বছর।<br>◆ চুক্তি নবায়ণ- ৩ ফেব্রুয়ারি, ২০২১ (৫ বছর)।<br>◆ মেয়াদ শেষ হবে- ২০২৬ সালে; পক্ষ- যুক্তরাষ্ট্র ও রাশিয়া।<br>◆ স্বাক্ষরকারী- বারাক ওবামা এবং রাশিয়ার প্রধানমন্ত্রী দিমিত্রি মেদভেদেভ।<br>◆ লক্ষ্য- কৌশলগত ক্ষতিকারক অস্ত্র অধিকহারে হ্রাস করে সীমিত পরিমাপ করা। |

## ভারতের সাথে জড়িত চুক্তি

| | |
|---|---|
| তাসখন্দ চুক্তি | ◆ পাক-ভারত যুদ্ধ সংঘটিত হয়- ১৯৬৫ সালে।<br>◆ এই যুদ্ধের অবসান হয়- তাসখন্দ চুক্তির মাধ্যমে।<br>◆ তাসখন্দ চুক্তি স্বাক্ষরিত হয়- ১৯৬৬ সালে।<br>◆ স্থান- তাসখন্দ, উজবেকিস্তান (তৎকালীন সোভিয়েত ইউনিয়ন)।<br>◆ উদ্দেশ্য ছিল- ভারত ও পাকিস্তান যুদ্ধের অবসান ও শান্তি প্রতিষ্ঠা।<br>◆ মধ্যস্থতাকারী দেশ- সাবেক সোভিয়েত ইউনিয়ন (বর্তমান রাশিয়া)। |
| ভারত-সোভিয়েত মৈত্রী চুক্তি | ◆ স্বাক্ষরিত হয়- ১৯৭১ সালে।<br>◆ স্থান- রাশিয়ার মস্কোতে।<br>◆ উদ্দেশ্য- ভারত ও সোভিয়েত ইউনিয়নের মধ্যে মৈত্রী, শান্তি ও সহযোগিতা বৃদ্ধি। |
| সিমলা চুক্তি | ◆ স্বাক্ষরিত হয়- ১৯৭২ সালে।<br>◆ স্বাক্ষর করে- ভারত ও পাকিস্তান।<br>◆ স্থান- ভারতের হিমাচল প্রদেশের রাজধানী সিমলা। |



Scanned with CamScanner

# ইসরাইল-ফিলিস্তিন সমস্যা সমাধানে যত চুক্তি

| | |
|---|---|
| ক্যাম্প ডেভিড চুক্তি | ♦ **স্বাক্ষরিত হয়-** ১৯৭৮ সালে।<br>♦ **স্থান-** যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড রাজ্যের ক্যাম্প ডেভিডে।<br>♦ **স্বাক্ষর করে-** মিশর ও ইসরাইল।<br>♦ **মিশরের পক্ষে স্বাক্ষর করেন-** আনোয়ার সাদাত।<br>♦ **ইসরাইলের পক্ষে স্বাক্ষর করেন-** মেনাচেম বেগিন।<br>♦ **মধ্যস্থতাকারী-** সাবেক মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টার।<br>♦ **উদ্দেশ্য-** মধ্যপ্রাচ্যে শান্তি প্রক্রিয়ার রূপরেখা নিরূপণ।<br>♦ **ফলাফল-** সাময়িকভাবে মিশরকে আরব লীগ ও ওআইসি থেকে বহিষ্কার করা হয়। এছাড়াও জর্ডান ও ইসরাইলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে।<br>♦ **চুক্তিটির জন্য সাদাত ও বেগিন যৌথভাবে নোবেল পুরস্কার পান-** ১৯৭৮ সালে। |
| অসলো চুক্তি-১ | ♦ **স্বাক্ষরিত হয়-** ১৩ সেপ্টেম্বর, ১৯৯৩ সালে।<br>♦ **স্থান-** ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র।<br>♦ **স্বাক্ষর করে-** PLO এবং ইসরাইল।<br>♦ **স্বাক্ষরকারী-** ফিলিস্তিন নেতা ইয়াসির আরাফাত এবং ইসরাইলি প্রধানমন্ত্রী আইজাক রবিন।<br>♦ **মধ্যস্থতাকারী-** সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন।<br>♦ **ফলাফল-** PLO এবং ইসরাইল পরস্পরকে স্বীকৃতি দেয়। |
| অসলো চুক্তি-২ | ♦ **আনুষ্ঠানিক নাম-** 'গাজা ও পশ্চিম তীর সম্পর্কিত অন্তবর্তীকালীন চুক্তি' (Interim Agreement on the West Bank and the Gaza Strip)। এছাড়া **'তাবা চুক্তি'** নামেও পরিচিত।<br>♦ **স্বাক্ষরিত হয়-** ২৮ সেপ্টেম্বর, ১৯৯৫ সালে।<br>♦ **স্থান-** তাবা, সিনাই উপদ্বীপ, মিশর।<br>♦ **স্বাক্ষর করে-** PLO এবং ইসরাইল।<br>♦ **স্বাক্ষরকারী-** ফিলিস্তিন নেতা ইয়াসির আরাফাত এবং ইসরাইলি প্রধানমন্ত্রী আইজাক রবিন।<br>**ফলাফল**<br>১. গাজা ও পশ্চিম তীরে সীমিত আকারে ফিলিস্তিনের স্বায়ত্তশাসন প্রতিষ্ঠা।<br>২. উক্ত অংশে প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করে প্যালেস্টাইন ন্যাশনাল অথরিটি (PNA)।<br>৩. এর মাধ্যমে রামাল্লা প্রশাসনিক রাজধানী হয়। |
| উই রিভার চুক্তি | ♦ **স্বাক্ষরিত হয়-** ১৯৯৮ সালে।<br>♦ **স্থান-** উই রিভার, মেরিল্যান্ড, যুক্তরাষ্ট্র।<br>♦ **স্বাক্ষর করে-** PLO এবং ইসরাইল।<br>♦ **স্বাক্ষরকারী-** ইয়াসির আরাফাত ও বেনিয়ামিন নেতানিয়াহু। |



Scanned with CamScanner

## অস্ত্র চুক্তিসমূহ

| | |
|---|---|
| অ্যান্টার্কটিকা চুক্তি | ◆ স্বাক্ষরিত হয়- ১৯৫৯ সালে।<br>◆ কার্যকর হয়- ১৯৬১ সালে।<br>◆ চুক্তির শর্ত- অ্যান্টার্কটিকা মহাদেশে সব ধরনের সামরিক অস্ত্রের পরীক্ষা ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করা। |
| NPT | ◆ পরিচয়- পরমাণু অস্ত্র বিস্তার রোধ চুক্তি।<br>◆ NPT- Nuclear Non- Proliferation Treaty.<br>◆ স্বাক্ষরিত হয়- ১ জুলাই ১৯৬৮।<br>◆ কার্যকর হয়- ৫ মার্চ ১৯৭০।<br>◆ স্বাক্ষর করেনি- ইসরাইল, ভারত, পাকিস্তান ও দক্ষিণ সুদান।<br>◆ প্রত্যাহারকারী দেশ- উত্তর কোরিয়া; ২০০৩ সালে (কিন্তু কার্যকর হয়নি)।<br>◆ উদ্দেশ্য- পারমাণবিক অস্ত্রের বিস্তাররোধ।<br>◆ এ পর্যন্ত স্বাক্ষরকারী দেশ- ১৯১টি (উত্তর কোরিয়াসহ)। |
| CTBT | ◆ CTBT– Comprehensive Nuclear-Test-Ban Treaty.<br>◆ স্বাক্ষরিত হয়– ১৯৯৬ সালে।<br>◆ উদ্দেশ্য- নতুন করে আর কেউ পারমাণবিক অস্ত্র তৈরি করতে পারবে না এবং আগের গুলো ধ্বংস করে সীমিত করা।<br>◆ জাতিসংঘের ৫১তম অধিবেশনে অস্ট্রেলিয়া CTBT চুক্তি উত্থাপন করে- ১৯৯৬ সালে<br>◆ স্বাক্ষর করেনি- ভারত, পাকিস্তান, উত্তর কোরিয়া।<br>◆ স্বাক্ষর করেও অনুমোদন দেয়নি- যুক্তরাষ্ট্র, চীন, ইসরাইল, ইরান ও মিশর।<br>◆ বাংলাদেশ স্বাক্ষর করে– ১৯৯৬ সালে (৫৪তম দেশ হিসেবে)।<br>◆ বাংলাদেশ CTBT চুক্তি অনুমোদন করে– ২০০০ সালে (২৮তম দেশ হিসেবে)।<br>◆ বাংলাদেশ দক্ষিণ এশিয়ার CTBT অনুমোদনকারী- প্রথম দেশ। |
| অটোয়া চুক্তি | ◆ পরিচয়- স্থলমাইন নিষিদ্ধকরণ চুক্তি।<br>◆ স্বাক্ষরিত হয়- ১৯৯৭ সালে।<br>◆ উদ্দেশ্য- স্থলমাইন ব্যবহার, মজুদ, উৎপাদন ও হস্তান্তর নিষিদ্ধ করা।<br>◆ স্থান- কানাডার অটোয়ায়।<br>◆ স্বাক্ষর করেনি- রাশিয়া, ইরান, যুক্তরাষ্ট্র, চীন, ভারত, ইসরাইল, পাকিস্তান।<br>◆ স্বাক্ষরকারী প্রথম দেশ- কানাডা।<br>◆ বাংলাদেশ স্বাক্ষর করে- ১৯৯৮ সালে।<br>◆ বাংলাদেশ স্বাক্ষরকারী- ১২৬তম দেশ। |



Scanned with CamScanner

| | |
|---|---|
| **ATT** | ♦ **পরিচয়-** জাতিসংঘের অস্ত্র বাণিজ্য চুক্তি।<br>♦ **ATT-** Arms Trade Treaty.<br>♦ **স্বাক্ষরিত হয়-** ২০১৩ সালে।<br>♦ **কার্যকর হয়-** ২০১৪ সালে।<br>♦ **উদ্দেশ্য-** অস্ত্র-বাণিজ্য নিয়ন্ত্রণ।<br>♦ **বাংলাদেশ চুক্তিতে স্বাক্ষর করে-** ২০১৩ সালে। |
| **TPNW** | ♦ **পরিচয়-** পরমাণু অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি।<br>♦ **TPNW-** Treaty on the Prohibition of Nuclear Weapons.<br>♦ **স্বাক্ষরিত হয়-** ২০১৭ সালে (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র)।<br>♦ **কার্যকর হয়-** ২২ জানুয়ারি, ২০২১।<br>♦ **চুক্তিতে অংশ নেয়নি-** জাপান। |
| **JCPoA** | ♦ **পরিচয়-** ইরান পরমাণু চুক্তি বা ইরাক চুক্তি।<br>♦ **ধরন-** Nuclear non-proliferation.<br>♦ **স্বাক্ষরিত হয়-** ১৪ জুলাই, ২০১৫।<br>♦ **কার্যকর হয়-** ১৬ জানুয়ারি, ২০১৬।<br>♦ **স্থান-** ভিয়েনা, অস্ট্রিয়া।<br>♦ **স্বাক্ষরকারী-** ইরান + P5 + 1 + EU (অর্থাৎ ইরান, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, চীন, রাশিয়া, জার্মানি ও ইউরোপীয় ইউনিয়ন)।<br>♦ **P5 হলো-** জাতিসংঘের নিরাপত্তা পরিষদের ৫ সদস্য।<br>♦ **যুক্তরাষ্ট্র চুক্তি থেকে নাম প্রত্যাহার করে-** ৮ মে, ২০১৮। |


**মাত্র ৩৯০ টাকায় সাম্প্রতিকের সম্পূর্ণ প্রস্তুতি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার পূর্বে ৪টি **"সাম্প্রতিক ক্যাপসুল"** বের হবে। ৪টি ক্যাপসুলের উপর ১০টি ক্লাস এবং ১০টি এক্সাম নিয়ে সাজানো হয়েছে আমাদের **"ক্যাপসুল ব্যাচ"**।
ক্যাপসুল ব্যাচের ভর্তি ফি মাত্র ৩৯০ টাকা।
ক্যাপসুল ব্যাচে ভর্তি হতে ভিজিট করুন-
www.zubairseducation.com
অথবা স্ক্যান করুন।

SCAN ME!




Scanned with CamScanner

## জেনেভা কনভেনশন

- **স্বাক্ষরিত হয়-** ১৮৬৪, ১৯০৬, ১৯২৯ ও ১৯৪৯ সালে।
- **সনদে যুক্ত হয়-** ৪টি চুক্তি ও ৩টি প্রটোকল।
- **বিষয়বস্তু-** যুদ্ধবন্দী ও যুদ্ধাহত ব্যক্তিদের প্রতি আচরণ বিধি।

### জেনেভা কনভেনশন

জেনেভা কনভেনশন **৪টি চুক্তি** ও **৩টি বাড়তি প্রটোকল** নিয়ে গঠিত, যা **যুদ্ধে মানবিক আচরণ নিশ্চিত** করার জন্য প্রতিষ্ঠা করা হয়। বস্তুত, একবচন শব্দ হিসেবে জেনেভা কনভেনশন **"১৯৪৯ সালের একটি সন্ধিপত্রকে"** নির্দেশ করে, যেটি সম্পাদিত হয়েছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী প্রতিক্রিয়া ও তার ফলাফল হিসেবে। ১৯৪৯ সালেই পূর্বের তিনটি কনভেনশনের (১৮৬৪, ১৯০৬ ও ১৯২৯ সালে সম্পাদিত) পরিমার্জন ও সম্প্রসারণ করা হয় এবং ১৯৪৯ সালের চতুর্থ কনভেনশনটি যোগ করা হয়।

- **প্রথম জেনেভা কনভেনশন:** সম্পাদিত হয় ১৮৬৪ সালে, যার লক্ষ্য ছিল যুদ্ধক্ষেত্রে আহত ও অসুস্থ সৈন্যদের অবস্থার সার্বিক উন্নতি।
- **দ্বিতীয় জেনেভা কনভেনশন:** সম্পাদিত হয় ১৯০৬ সালে, সমুদ্রস্থ যুদ্ধক্ষেত্রে আহত, অসুস্থ এবং ধ্বংসপ্রাপ্ত জাহাজের সৈন্যদের অবস্থার সার্বিক উন্নতির লক্ষ্যে।
- **তৃতীয় জেনেভা কনভেনশন:** সম্পাদিত হয় ১৯২৯ সালে, যুদ্ধবন্দিদের প্রতি আচরণ ও তাদের নিরাপত্তা ও চিকিৎসা নিশ্চিতের লক্ষ্যে।
- **চতুর্থ জেনেভা কনভেনশন:** সম্পাদিত হয় ১৯৪৯ সালে, যুদ্ধাবস্থায় বেসামরিক জনগণকে রক্ষার জন্য।

এই ৪টি কনভেনশনের সমষ্টিকে বলা হয় **"১৯৪৯-এর জেনেভা কনভেনশনসমূহ"** বা সাধারণভাবে **"জেনেভা কনভেনশন"**। এ কনভেনশনসমূহ **"চারটি রেডক্রস কনভেনশন"** নামেও পরিচিত। আন্তর্জাতিক কূটনীতিতে কনভেনশন শব্দটি সম্মেলনের সাধারণ অর্থে ব্যবহৃত হয় না। বরং এই শব্দটি কূটনীতিতে আন্তর্জাতিক চুক্তি বা সন্ধিপত্র হিসাবে ব্যবহৃত হয়।

## দুটি অস্ত্র বিষয়ক কনভেনশন

| | |
|---|---|
| **জীবাণু অস্ত্র কনভেনশন** | ◆ **স্বাক্ষরিত হয়-** ১০ এপ্রিল, ১৯৭২।<br>◆ **কার্যকর হয়-** ২৬ মার্চ, ১৯৭৫।<br>◆ **উদ্দেশ্য-** সব ধরনের জীবাণু ও বিষাক্ত অস্ত্রের উন্নয়ন, উৎপাদন, মজুদ নিষিদ্ধকরণ এবং ধ্বংস সাধন। |
| **রাসায়নিক অস্ত্র কনভেনশন ১৯৯২** | ◆ **স্বাক্ষরিত হয়-** ১৩ জানুয়ারি, ১৯৯৩।<br>◆ **কার্যকর হয়-** ২৯ এপ্রিল, ১৯৯৭।<br>◆ **উদ্দেশ্য-** সব ধরনের রাসায়নিক অস্ত্রের উৎপাদন, মজুদ নিষিদ্ধকরণ এবং ধ্বংস সাধন। |



Scanned with CamScanner

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

০১. ভূমি মাইন নিষিদ্ধ করার জন্য স্বাক্ষরিত চুক্তি- (DU খ ০৫-০৬)
ক) সিটিবিটি খ) কিয়োটো গ) অটোয়া চুক্তি ঘ) রোম চুক্তি

০২. কোন চুক্তি অনুসারে বসনিয়া সংকট সমাধানের পথ সুগম হয়েছিল? (DU ঘ ৯৫-৯৬, ০৪-০৫, 20 BCS)
ক) জেনেভা খ) মাদ্রিদ গ) ডেটন ঘ) প্যারিস

০৩. CTBT এর পূর্ণরূপ- (DU ঘ ০৫-০৬)
ক) Complete Test Ban Treaty
খ) Comprehensive Nuclear Test-Ban Treaty
গ) Chemical Test Ban Treaty ঘ) Chlorine Teat Ban Treaty

০৪. সিটিবিটি কী উদ্দেশ্যে স্বাক্ষরিত হয়েছিল? (DU খ ০৩-০৪)
ক) পরিবেশ সংরক্ষণ খ) পারমাণবিক পরীক্ষা নিষিদ্ধকরণ
গ) মুক্ত বাণিজ্য ঘ) শিশু পাচার রোধ

০৫. 'সার্বজনীন মানবাধিকার ঘোষণা' কোন সালে গৃহীত হয়? (DU ঙ ০৩-০৪)
ক) ১৯৪৭ খ) ১৯৪৮ গ) ১৯৫৮ ঘ) ১৯৪৯

০৬. তাসখন্দ চুক্তি কোন দুটি রাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয়? (44 BCS)
ক) পাকিস্তান ও আফগানিস্তান খ) ভারত ও আফগানিস্তান
গ) পাকিস্তান ও ভারত ঘ) আফগানিস্তান ও সোভিয়েত ইউনিয়ন

০৭. কোন চুক্তির মাধ্যমে ইউরোপের "Thirty year's war" এর সমাপ্তি ঘটে? (42 BCS)
ক. ভার্সাই চুক্তি, ১৯১৯ খ. ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি, ১৬৪৮
গ. প্যারিস চুক্তি, ১৭৮৩ ঘ. লুজান চুক্তি, ১৯২৩

০৮. নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন কোন বছর প্রতিষ্ঠিত হয়? (41 BCS)
ক. ১৯৪৫ সালে খ. ১৯৪৯ সালে গ. ১৯৪৮ সালে ঘ. ১৯৫১ সালে

০৯. ১৭৮৩ সালে ভার্সাইতে কয়টি চুক্তি স্বাক্ষরিত হয়? (36 BCS)
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

১০. নারীর প্রতি সকল রকম বৈষম্য নির্মূল কনভেনশন স্বাক্ষরিত হয়- (26 BCS)
ক) ১৯৭৫ খ) ১৯৭৬ গ) ১৯৭৯ ঘ) ১৯৮৯

১১. মানবাধিকার বাস্তবায়নের লক্ষ্যে কখন আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরিত হয় কত সালে? (24 BCS)
ক) ১৯৫০ খ) ১৯৫৫ গ) ১৯৬৫ ঘ) ১৯৪৮

১২. 'ডেটন শান্তি চুক্তি' স্বাক্ষরিত হয়- (24 BCS)
ক) ১৯৯০ খ) ১৯৯১ গ) ১৯৯২ ঘ) ১৯৯৫

১৩. কোন চুক্তিতে পারমাণবিক পরীক্ষা বন্ধ হওয়ার কথা বলা হয়েছে? (21 BCS)
ক) ন্যাটো খ) সিটিবিটি গ) এনপিটি ঘ) সল্ট

১৪. সাত-ইল আরবকে কেন্দ্র করে ইরাক ও ইরানের মধ্যে স্বাক্ষরিত চুক্তির নাম- (12 BCS)
ক) দামেস্ক চুক্তি খ) আলজিয়ার্স চুক্তি গ) কায়রো চুক্তি ঘ) বৈরুত চুক্তি

১৫. START-2 কী? (27 BCS)
ক) টিভিতে প্রচলিত সিরিয়াল খ) বাণিজ্য সংক্রান্ত চুক্তি
গ) কৌশলগত অস্ত্র হ্রাস চুক্তি ঘ) কোনটিই নয়

১৬. [illegible] Ballistic Missile Treaty স্বাক্ষরিত হয়েছিল কবে? (শ্রম মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-০৫)
[illegible] খ) ১৯৭২ গ) ১৯৭৩ ঘ) ১৯৭৯

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| [illegible] | ২. গ | ০৩. খ | ০৪. খ | ০৫. খ | ০৬. গ | ০৭. খ | ০৮. খ |
| [illegible] | ১০. গ | ১১. ঘ | ১২. ঘ | ১৩. খ | ১৪. খ | ১৫. গ | ১৬. খ |



Scanned with CamScanner

# পরিবেশ বিষয়ক কনভেনশন ও প্রটোকল

## পরিবেশের জন্য কয়েকটি কনভেনশন

| | |
|---|---|
| রামসার কনভেনশন | ◆ **উদ্দেশ্য-** জলাশয় ও জলাভূমি সংরক্ষণ।<br>◆ **অনুষ্ঠানস্থল-** রামসার, ইরান।<br>◆ **স্বাক্ষরিত হয়-** ১৯৭১ সালে; **কার্যকর হয়-** ১৯৭৫ সালে।<br>◆ **বাংলাদেশে রামসার সাইট আছে-** ৩টি।<br>➢ সুন্দরবন (১৯৯২)।<br>➢ টাঙ্গুয়ার হাওর (২০০০)।<br>➢ হাকালুকি হাওর (সর্বশেষ ঘোষিত)। |
| ভিয়েনা কনভেনশন | ◆ **উদ্দেশ্য-** ক্রম হ্রাসমান ওজন স্তরের সুরক্ষা এবং সংরক্ষণ।<br>◆ **গৃহীত হয়-** ১৯৮৫ সালে; **কার্যকর হয়-** ১৯৮৮ সালে।<br>◆ **বাংলাদেশ সমর্থন করে-** ১৯৯০ সালে।<br>◆ **কনভেনশনটি দ্রুত বাস্তবায়নের জন্যই ১৯৮৭ সালে স্বাক্ষরিত হয়-** মন্ট্রিল প্রটোকল। |
| বাসেল কনভেনশন | ◆ **গৃহীত হয়-** ১৯৮৯ সালে।<br>◆ **কার্যকর হয়-** ১৯৯২ সালে।<br>◆ **স্থান-** বাসেল, সুইজারল্যান্ড।<br>◆ **উদ্দেশ্য-** বিপজ্জনক বর্জ্যের পরিমাণ ও বিষাক্ততা হ্রাস, বর্জ্য সমুদ্রে নিক্ষেপের প্রবণতা নিয়ন্ত্রণ এবং বর্জ্যের সুষ্ঠু নিষ্কাশনের ব্যাপারে কর্ম পরিকল্পনা প্রণয়ন করা। |
| জীব ও বৈচিত্র সংরক্ষণ কনভেনশন (CBD) | ◆ **পূর্ণনাম-** Convention on Biological Diversity (CBD).<br>◆ **স্বাক্ষরিত হয়-** ১৯৯২ সালে; **কার্যকর হয়-** ১৯৯৩ সালে।<br>◆ **স্থান-** রিও ডি জেনিরো, ব্রাজিল।<br>◆ **বাংলাদেশ অনুমোদন করে-** ১৯৯৪ সালে।<br>◆ কনভেনশনটি দ্রুত বাস্তবায়নের জন্যই ২০০০ সালে স্বাক্ষরিত হয় **'কার্টাগেনা প্রটোকল'** এবং ২০১০ সালে স্বাক্ষরিত হয় **'নাগোয়া প্রটোকল'**। |
| বৈশ্বিক উষ্ণতা মোকাবেলায় UNFCCC | ◆ **পূর্ণনাম-** United Nations Framework Convention on Climate Change.<br>◆ **স্বাক্ষরিত হয়-** ১৯৯২ সালে; ধরিত্রী সম্মেলনে।<br>◆ **স্থান-** রিও ডি জেনিরো, ব্রাজিল।<br>◆ **মূলকাজ-** বার্ষিক জলবায়ু সম্মেলন (COP) আয়োজন করা।<br>◆ **উদ্দেশ্য-** গ্রিনহাউস গ্যাস হ্রাস করা।<br>◆ **বাংলাদেশ স্বাক্ষর করে-** ১৯৯২ সালে। |



Scanned with CamScanner

## পরিবেশ বিষয়ক ধরিত্রী সম্মেলন

| | |
|---|---|
| ধরিত্রী সম্মেলন (Earth Summit) | ◆ **পরিচয়-** জাতিসংঘের পরিবেশ ও উন্নয়ন সম্মেলন।<br>◆ **পূর্ণনাম-** United Nations Conference on Environment and Development.<br>◆ **অপরনাম-** 'Earth Summit' ও 'Rio conference'.<br>◆ **অনুষ্ঠিত হয়-** ১৯৯২ সালে (রিও ডি জেনেরিও, ব্রাজিল)।<br>◆ **গৃহীত কার্যক্রম-** Agenda-21 (২১ শতকের পৃথিবীকে বিপর্যয়মুক্ত রাখাকে সামনে রেখে প্রণয়ন করা হয়েছে)।<br>◆ **বাংলাদেশের ফারাক্কা বাঁধ অন্তর্ভুক্ত-** Agenda-21 এর।<br>◆ **এই সম্মেলনের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠা করা হয়-** UNFCCC. |
| বিশেষ পরিবেশ সম্মেলন (Earth Summit+05) | ◆ **অপরনাম-** Earth Summit+05/ধরিত্রী সম্মেলন+০৫/ রিও+০৫।<br>◆ **অনুষ্ঠিত হয়-** ১৯৯৭ সালে (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র)।<br>◆ **উদ্দেশ্য-** ১৯৯২ সালের ধরিত্রী সম্মেলনের অগ্রগতি পর্যালোচনা। |
| বিশ্ব টেকসই উন্নয়ন সম্মেলন (Earth Summit +10) | প্রথম ধরিত্রী সম্মেলনের ১০ বছর পূর্তি উপলক্ষ্যে ২০০২ সালে বিশ্ব টেকসই উন্নয়ন বিষয়ক সম্মেলন (WSSD) অনুষ্ঠিত হয়। যা 'ধরিত্রী সম্মেলন ২০০২' নামে পরিচিত।<br>◆ বিশ্বের প্রথম টেকসই উন্নয়ন সম্মেলন এবং দ্বিতীয় ধরিত্রী সম্মেলন।<br>◆ **আনুষ্ঠানিক নাম-** World Summit on Sustainable Development- WSSD.<br>◆ **অপরনাম-** Earth Summit+10/ধরিত্রী সম্মেলন ২০০২/ রিও+১০/ Johannesburg Summit.<br>◆ **সময়কাল-** ২৬ আগস্ট-সেপ্টেম্বর, ২০০২।<br>◆ **স্থান-** দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গ।<br>◆ **লক্ষ্য-** ১৯৯২ সালের ধরিত্রী সম্মেলনের অগ্রগতি পর্যালোচনা। |
| রিও+২০ (Earth Summit 2012) | প্রথম ধরিত্রী সম্মেলনের ২০ বছর পূর্তি উপলক্ষ্যে ২০১২ সালে টেকসই উন্নয়ন বিষয়ক সম্মেলন (UNCSD) অনুষ্ঠিত হয়। যা 'ধরিত্রী সম্মেলন ২০১২' নামে পরিচিত।<br>◆ **পূর্ণনাম-** United Nations Conference on Sustainable Development.<br>◆ **অপরনাম-** Earth Summit 2012/ রিও ২০১২/ রিও+২০।<br>◆ **সময়কাল-** ২০-২২ জুন, ২০১২।<br>◆ **স্থান-** রিও ডি জেনেরিও, ব্রাজিল।<br>◆ **লক্ষ্য-** টেকসই উন্নয়নের জন্য কৌশল নির্ধারণ।<br>◆ **গৃহীত হয়-** 'কী ভবিষ্যত আমরা চাই' শীর্ষক অঙ্গীকারপত্র।<br>◆ **এই সম্মেলনের পর চালু হয়-** গ্রিন ইকোনমি। |



Scanned with CamScanner

## পরিবেশ বিষয়ক COP সম্মেলন

| | |
|---|---|
| **COP** | ◆ **COP-** Conference of the Parties.<br>◆ **পরিচয়-** জাতিসংঘের বার্ষিক জলবায়ু সম্মেলন।<br>◆ **প্রথম COP সম্মেলন অনুষ্ঠিত হয়-** ১৯৯৫ সালে (জার্মানির বার্লিনে)।<br>◆ **অংশগ্রহণকারী দেশ-** UNFCCC ভুক্ত সকল দেশ। |
| **COP 15** | ◆ **পূর্ণনাম-** United Nations Climate Change Conference.<br>◆ **স্থান-** কোপেনহেগেন, ডেনমার্ক।<br>◆ **সময়কাল-** ৭-১৫ ডিসেম্বর, ২০০৯।<br>◆ **অপরনাম-** MOP-5 (কিয়োটো প্রটোকলের ৫ম Meeting of the Parties)।<br>পৃথিবীর প্রথম দেশ হিসেবে বাংলাদেশ ২০১০ সালে নিজস্ব তহবিলে Bangladesh Climate Change Trust Fund (BCCTF) গঠন করে। এটি বাংলাদেশের বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন। |
| **COP 21** | ◆ **পূর্ণনাম-** United Nations Climate Change Conference.<br>◆ **স্থান-** প্যারিস, ফ্রান্স।<br>◆ **সময়কাল-** ৩০ নভেম্বর-১২ ডিসেম্বর, ২০১৫।<br>◆ **অপরনাম-** CMP-11.<br>**প্যারিস চুক্তি ২০১৫**<br>◆ **প্যারিস চুক্তি-** জলবায়ু পরিবর্তন সংক্রান্ত একটি আন্তর্জাতিক চুক্তি।<br>◆ **বিশ্বের এ যাবৎকালের সর্ববৃহৎ চুক্তি-** প্যারিস জলবায়ু চুক্তি।<br>◆ **চুক্তির মূল বক্তব্য-** বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি হ্রাস ও কার্বন নিঃসরণ কমানোর জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা।<br>◆ **গৃহীত হয়-** ২০১৫ সালে (প্যারিস, ফ্রান্স)।<br>◆ **স্বাক্ষরিত হয়-** ২০১৬ সালে (জাতিসংঘের সদর দপ্তর, নিউইয়র্ক)।<br>◆ **কার্যকর হয়-** ২০১৬ সালে।<br>◆ **চুক্তিতে স্বাক্ষর করে-** ১৯৫টি দেশ (UNFCCC ভুক্ত)।<br>◆ **প্রথম স্বাক্ষরকারী দেশ-** ফ্রান্স; **সর্বশেষ স্বাক্ষরকারী দেশ-** চীন।<br>◆ **বাংলাদেশ স্বাক্ষর করে-** ২২ এপ্রিল, ২০১৬।<br>◆ **বাংলাদেশ অনুমোদন করে-** ৪ নভেম্বর, ২০১৬।<br>◆ **যুক্তরাষ্ট্র চুক্তি প্রত্যাহারের ঘোষণা দেয়-** ২০১৭ সালে (কার্যকর হয়- ৪ নভেম্বর, ২০২০)।<br>◆ **যুক্তরাষ্ট্র চুক্তিতে প্রত্যাবর্তন করে-** ১৯ ফেব্রুয়ারি, ২০২১। |



Scanned with CamScanner

## পরিবেশ বিষয়ক কয়েকটি প্রটোকল

| | |
|---|---|
| মন্ট্রিল প্রটোকল ১৯৮৭ | • স্বাক্ষরিত হয়- ১৯৮৭ সালে; কার্যকর হয়- ১৯৮৯ সালে।<br>• স্থান- মন্ট্রিল, কানাডা।<br>• উদ্দেশ্য- ওজনস্তর ক্ষয়কারী বস্তু সামগ্রিক উৎপাদন ও ব্যবহার বন্ধ করা।<br>• বাংলাদেশ সমর্থন করে- ২ আগস্ট, ১৯৯০।<br>• মোট সংশোধন হয়- ৫ বার (১৯৯০, ১৯৯২, ১৯৯৭, ১৯৯৯, ২০১৬)।<br>• **Kigali Amendment-** রুয়ান্ডার রাজধানী কিগালিতে ওজনস্তর রক্ষায় গৃহীত মন্ট্রিল প্রটোকলের সর্বশেষ সংশোধনী 'কিগালি সংশোধনী' (২০১৬) নামে পরিচিত। |
| কিয়োটো প্রটোকল ১৯৯৭ | • বিষয়- গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস সংক্রান্ত একটি চুক্তি।<br>• স্বাক্ষরিত হয়- ১৯৯৭ সালে; কার্যকর হয়- ২০০৫ সালে।<br>• স্বাক্ষরিত স্থান- কিয়োটো, জাপান।<br>• উদ্দেশ্য- বৈশ্বিক উষ্ণায়ন রোধে ১৯৯০ সালের স্তরকে ভিত্তি বছর ধরে উন্নত দেশগুলো তাদের ৬টি গ্রিনহাউস গ্যাসের যৌথ নিঃসরণ ২০১২ সালের মধ্যে ৫.২% হ্রাস করবে।<br>• **Carbon Trade** এর ধারণা দেয়া হয়- 'কিয়োটো প্রটোকলে'।<br>• অন্তর্ভুক্ত নয়- যুক্তরাষ্ট্র, কানাডা, দক্ষিণ সুদান ও অ্যান্ডোরা।<br>• একমাত্র ত্যাগকারী দেশ- কানাডা (২০১২)।<br>• বাংলাদেশ অনুমোদন করে- ২০০১ সালে।<br>• প্রথম স্তরের মেয়াদ ছিল- ১৫ বছর; ১৯৯৭-২০১২ সাল পর্যন্ত।<br>**Doha Amendment**<br>৮ ডিসেম্বর, ২০১২ সালে কাতারের রাজধানী দোহায় অনুষ্ঠিত জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলনে দ্বিতীয় স্তরের সময়কাল ২০১৩-২০২০ সাল করা হয়, যা দোহা সংশোধনী নামে পরিচিত। সম্মেলনের শর্ত অনুযায়ী প্রটোকলটি বাস্তবায়নের জন্য ১৪৪টি দেশের অনুমোদন প্রয়োজন ছিল। শর্ত অনুযায়ী অনুমোদন না পাওয়ায় প্রটোকলের দ্বিতীয় পর্যায় কার্যকর হতে পারেনি।<br>▪ **Annex-I:** শিল্পপ্রধান ৪২টি দেশ ও EU কে বুঝায়। এরা বেশি কার্বন নিঃসরণ করে।<br>▪ **Annex-II:** উন্নয়নশীল ২৪টি দেশকে বুঝায়। অপেক্ষাকৃত কম কার্বন নিঃসরণকারী।<br>▪ **Non-Annex Countires:** বৈশ্বিক উষ্ণায়নের জন্য যারা দায়ী নয় এমন দেশসমূহ। |



Scanned with CamScanner

| | |
|---|---|
| কার্টাগেনা প্রটোকল | • বিষয়- জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক চুক্তি।<br>• স্বাক্ষরিত হয়- ২০০০ সালে।<br>• কার্যকর হয়- ২০০৩ সালে।<br>• স্থান- মন্ট্রিল, কুইবেক, কানাডা।<br>• বাংলাদেশ স্বাক্ষর করে- ২০০০ সালে; অনুমোদন করে- ২০০৪ সালে। |
| নাগোয়া প্রটোকল | • বিষয়- বন্য প্রাণী সংরক্ষণ প্রটোকল।<br>• স্বাক্ষরিত হয়- ২০১০ সালে।<br>• কার্যকর হয়- ২০১৪ সালে।<br>• স্থান- নাগোয়া, জাপান।<br>• স্বাক্ষর করে- ১৯২টি দেশ। |

## বিশ্বের প্রথম পরিবেশ সম্মেলন 'স্টকহোম সামিট'

- **স্টকহোম সামিট-** বিশ্বের প্রথম পরিবেশ সম্মেলন।
- **সম্মেলনের আনুষ্ঠানিক নাম-** United Nations Conference on the Human Environment (UNCHE).
- **সম্মেলনস্থল-** স্টকহোম, সুইডেন।
- **সময়কাল-** ৫-১৬ জুন, ১৯৭২ সাল।

## GEF ও GCF

| | |
|---|---|
| **GEF** | ♦ **পরিচয়-** বৈশ্বিক পরিবেশ নেটওয়ার্ক।<br>♦ **GEF-** Global Environment Facility.<br>♦ **গঠিত হয়-** ১৯৯২ সালে (রিও কনফারেন্সে)।<br>♦ **সদর দপ্তর-** ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র।<br>♦ **মূলকাজ-** অর্থনৈতিক সহযোগিতা প্রদান ও গ্রহণ। |
| **GCF** | ♦ **পরিচয়-** জাতিসংঘের জলবায়ু পরিবর্তন তহবিল।<br>♦ **GCF-** Green Climate Fund.<br>♦ **গঠিত হয়-** ২০১০ সালে (প্রতিষ্ঠাতা- UNFCCC)।<br>♦ **সদর দপ্তর-** সংদু, ইনচিয়ান, দক্ষিণ কোরিয়া।<br>♦ **গঠনের প্রেক্ষাপট-** ২০০৯ সালে 'কপ-১৫' এর আলোকে। |

| | |
|---|---|
| **Green Cross** | ♦ **সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট মিখাইল গর্বাচেভ কর্তৃক প্রতিষ্ঠিত-** পরিবেশ সংস্থা।<br>♦ **প্রতিষ্ঠা-** ১৯৯৩; **সদর দপ্তর-** মস্কো, রাশিয়া। |

B TO B—46



Scanned with CamScanner

## Green Deal

- **পরিচয়-** ইউরোপীয় অঞ্চলের পরিবেশ সুরক্ষা, যোগাযোগ ও জ্বালানি খাতের পরিকল্পিত রূপরেখা (সবুজায়ন চুক্তির রূপরেখা)।
- **প্রণয়ন করে-** ইউরোপীয় ইউনিয়ন।
- **ইউরোপীয় পার্লামেন্টে প্রণয়ন-** ২০ জানুয়ারি, ২০২০।
- **স্থান-** ইউরোপীয় পার্লামেন্ট (স্ট্রাসবার্গ, ফ্রান্স)।
- **লক্ষ্যমাত্রা-** ২০৫০ সালের মধ্যে পুরো ইউরোপীয় ইউনিয়ন অঞ্চলকে কার্বন নিরপেক্ষ করা।
- **এই পরিকল্পনায় স্বাক্ষর করতে অস্বীকৃতি জানিয়েছে-** পোল্যান্ড।

## পরিবেশ বিষয়ক অন্যান্য তথ্য

- **জলবায়ু আইন প্রথম হয়-** কানাডায় (১৯৮৭ সালে)।
- **কার্বনের প্রভাবমুক্ত প্রথম দেশ-** ভুটান।
- **ক্লোরোফ্লোরো কার্বনের আবিষ্কারক-** প্রফেসর টি. মিডজেলে।
- **প্রথম কার্বন ট্যাক্স চালু করে-** ফিনল্যান্ড।
- **পৃথিবীর প্রথম দেশ হিসেবে জলবায়ু ট্রাস্ট ফান্ড গঠন করেছে-** বাংলাদেশ (২০১০)।
- **বৈশ্বিক উষ্ণতার প্রতিবাদ জানিয়ে হিমালয়ের চূড়ায় মন্ত্রিসভার বৈঠক করে-** নেপাল এবং ভারত মহাসাগরের নিচে বৈঠক করে- মালদ্বীপ (২০০৯)।
- **গ্লোবাল জিরো-** ২৫ বছরের মধ্যে বিশ্বকে পরমাণু অস্ত্রমুক্তকরণ কর্মসূচি (চালু হয়- ২০০৮)।
- **গ্রিন সার্টিফিকেট-** কার্বন ডাই অক্সাইড হ্রাসের লক্ষ্যে প্রবর্তন করে ডেনমার্ক।
- **গ্রিন ব্যাংকিং-** কাগজবিহীন ব্যাংকিং কার্যক্রম।
- **গ্রিন পার্টি-** নিউজিল্যান্ডের ভ্যালুস পার্টিকে (রাজনৈতিক দল) বিশ্বের প্রথম গ্রিন পার্টি বলা হয়।
- **ডার্টি ডোজেন-** ১২টি মারাত্মক ক্ষতিকর রাসায়নিককে বলা হয় Dirty Dozen.
- **গাছকাটা সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেছে-** নরওয়ে।
- **মিডল ইস্ট গ্রিন ইনিশিয়েটিভ ঘোষণা করেছে-** সৌদি আরব।
- **প্রথম জলবায়ু জরুরি অবস্থা আরোপকারী পার্লামেন্ট-** যুক্তরাজ্যের পার্লামেন্ট (২০১৯)।



Scanned with CamScanner

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

**০১. ভি২০ গ্রুপ কিসের সাথে সম্পর্কিত?** [DU ঘ' ২১-২২]
ক) কৃষি উন্নয়ন খ) জলবায়ু পরিবর্তন গ) দারিদ্র্য বিমোচন ঘ) অর্থনৈতিক বিনিয়োগ

**০২. কোন দেশটি কার্বন নেগেটিভ স্ট্যাটাস অর্জন করেছে?** [ঢাবি ঘ' ২১-২২]
ক) মালদ্বীপ খ) নেপাল গ) ভুটান ঘ) সুরিনাম

**০৩. কোন ঘটনার কারণে ধরিত্রী দিবসের সূচনা হয়?** (DU ঘ' ২০-২১)
ক) ব্যাপক তেল নিঃসরণ খ) জলবায়ু পরিবর্তন
গ) ব্যাপক বায়ু দূষণ ঘ) পারমাণবিক বিস্ফোরণ

**০৪. ইউ.এন.সি.এইচ.ই. কি?** [ঢাবি ঘ' ১৯-২০]
ক) ইউনাইটেড নেশনস কনফারেন্স অন দ্যা হিউম্যান এনভায়রনমেন্ট
খ) ইউনাইটেড নেশনস কনফারেন্স অন দ্যা হিউম্যান ইকোলজি
গ) ইউনাইটেড নেশনস কনফারেন্স অব দ্যা হ্যাবিটেট এনভায়রনমেন্ট
ঘ) ইউনাইটেড নেশনস কনফারেন্স অন দ্যা হ্যাবিটেট ইকোলজি

**০৫. এজেন্ডা-২১ কোন বিশ্ব সংস্থা গ্রহণ করে?** [ঢাবি ঘ' ১৫-১৬]
ক) UN খ) World Bank গ) ADB ঘ) WTO

**০৬. বিশ্বের উষ্ণতা রোধের জন্য স্বাক্ষরিত চুক্তি-** (DU খ ০৪-০৫)
ক) জেনেভা খ) কিয়োটো গ) সিটিবিটি ঘ) রোম

**০৭. কোন দেশটি কিয়োটো প্রটোকল থেকে নিজেকে প্রত্যাহার করে নিয়েছে?** (DU ঘ' ০৪-০৫)
ক) যুক্তরাষ্ট্র খ) জাপান গ) ফ্রান্স ঘ) যুক্তরাজ্য

*নোট: কিয়োটো প্রটোকল থেকে প্রত্যাহারকারী একমাত্র দেশ কানাডা।*

### বি সি এস

**০৮. জৈব নিরাপত্তা বিষয়ক (Biosafety to the Convention on Biological Diversity) হচ্ছে-** (46 BCS)
ক) কার্টাগোনা প্রটোকল খ) মন্ট্রিল প্রটোকল
গ) কিয়াটো প্রটোকল ঘ) প্যারিস চুক্তি

**০৯. COP-26 এ COP মানে কী?** (44 BCS)
ক) কনফারেন্স অব প্যারিস খ) কনফারেন্স অব দ্য পাওয়ার
গ) কনফারেন্স অব দ্য পার্টিস ঘ) কনফারেন্স অব দ্য প্রটোকল

**১০. United Nations Framework Convention on Climate Change-এর মূল আলোচ্য বিষয়-** (43 BCS)
ক. জীবাশ্ম জ্বালানীর ব্যবহার নিয়ন্ত্রণ খ. গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ ও প্রশমন
গ. সমুদ্রের উচ্চতা বৃদ্ধি ঘ. বৈশ্বিক মরুকরণ প্রক্রিয়া এবং বনায়ন

**১১. গ্রীন হাউস গ্যাসসমূহ নিঃসরণ নিয়ন্ত্রণ সংক্রান্ত চুক্তি "The Kyoto Protocol" জাতিসংঘ কর্তৃক কত সালে গৃহীত হয়?** (42 BCS)
ক. ১৯৯৭ খ. ১৯৯৯ গ. ২০০৩ ঘ. ২০০৫

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. খ | ২. গ,ঘ | ৩. ক | ৪. ক | ৫. ক | ৬. খ | ৭. * | ৮. ক |
| ৯. গ | ১০. খ | ১১. ক | | | | | |



Scanned with CamScanner

১২. কার্টাগেনা প্রটোকল কোন সালে স্বাক্ষরিত হয়? (42 BCS)
ক) ২০০০ সালে খ) ২০০১ সালে গ) ২০০৩ সালে ঘ) ২০০৫ সালে

১৩. ২০১৫ সালের প্যারিস চুক্তির সাথে সম্পর্কিত বিষয়বস্তু হলো- (41 BCS)
ক. আপদ ঝুঁকি হ্রাস
খ. জলবায়ু পরিবর্তন হ্রাস
গ. জনসংখ্যা বৃদ্ধি হ্রাস
ঘ. সমুদ্র পরিবহন ব্যবস্থাপনা

১৪. নিচের কোন ভৌগোলিক এলাকাটি 'রামসার সাইট' হিসেবে স্বীকৃত? [38 BCS]
ক) রামসাগর খ) বগা লেইক গ) টাঙ্গুয়ার হাওর ঘ) কাপ্তাই হ্রদ

১৫. ধরিত্রী সম্মেলন (Earth Summit) কোথায় অনুষ্ঠিত হয়? [ 37 BCS]
ক) ইতালি রোমে
খ) আফ্রিকার জোহানেসবার্গে
গ) ব্রাজিলের রিওডিজেনিরোতে
ঘ) যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে

১৬. 'কার্টাগোনা' প্রটোকল হচ্ছে- (25, 35 BCS)
ক) জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক চুক্তি
খ) ইরাক পূর্ণগঠন চুক্তি
গ) শিশু অধিকার চুক্তি
ঘ) যুক্তরাষ্ট্র-মেক্সিকো চুক্তি

১৭. রিও ডি জেনিরিওতে অনুষ্ঠিত 'ধরিত্রী সম্মেলন'-এ কত দেশের প্রতিনিধি অংশগ্রহণ করেছিলেন? [15 BCS]
ক) ১৫০ খ) ১৫৬ গ) ১৭৮ ঘ) ১৭৯

## অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

১৮. পরিবেশ রক্ষাকারী জাতিসংঘের সংগঠন কোনটি? [কর্মসংস্থান ব্যাংক এর ডাটা এন্ট্রি অপারেটর- ২৩]
ক) UNICEF খ) UNEP গ) UNDP ঘ) UNESCO

১৯. UN CBD (Convention on Biological Diversity) এর সদর দপ্তর কোন শহরে অবস্থিত? [বন অধিদপ্তর এর অফিস সহকারী- ২৩]
ক) মন্ট্রিল খ) নাইরোবি গ) জেনেভা ঘ) প্যারিস

২০. জাতিসংঘের COP সম্মেলন কোন বিষয় সংক্রান্ত? [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর জুনিয়র শিক্ষক-২৩]
ক) মানবাধিকার খ) জলবায়ু গ) শান্তি ঘ) বাণিজ্য

২১. প্যারিস জলবায়ু চুক্তিতে বাংলাদেশ স্বাক্ষর দেয়- [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড মিটার টেস্টার- ২৩]
ক) ২১ এপ্রিল, ২০১৫
খ) ২১ এপ্রিল, ২০১৬
গ) ২২ এপ্রিল, ২০১৫
ঘ) ২২ এপ্রিল, ২০১৬

২২. ২০১৫ সালে প্যারিসে অনুষ্ঠিত জলবায়ু সম্মেলনে রাষ্ট্রসমূহ বৈশ্বিক গড় তাপমাত্রা প্রাক-শিল্পযুগের তুলনায় কত ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বৃদ্ধির রোধ করতে সম্মত হয়? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা- ২২]
ক) ১.০ খ) ১.৫ গ) ২.০ ঘ) ২.৫

২৩. ১৯৯৫ সালে প্রথম COP সম্মেলন অনুষ্ঠিত হয় কোন শহরে? [পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া সহকারী পরিচালক- ২১]
ক) ফ্রান্সের প্যারিস
খ) জার্মানির বার্লিন
গ) যুক্তরাজ্যের গ্লাসগো
ঘ) নেদারল্যান্ডের হেগ

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১২. ক | ১৩. খ | ১৪. গ | ১৫. গ | ১৬. ক | ১৭. গ | ১৮. খ | ১৯. ক |
| ২০. খ | ২১. ঘ | ২২. গ | ২৩. খ | | | | |



Scanned with CamScanner

**২৪. গ্রিন হাউজ গ্যাস নির্গমন-হ্রাস সংক্রান্ত চুক্তি কোনটি?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর সহকারী ব্যবস্থাপক- ২১]

ক) ব্যাসল কনভেনশন
খ) কার্টাগোন প্রটোকল
গ) মন্ট্রিল প্রটোকল
ঘ) কিয়োটো প্রটোকল

**২৫. রামসার সম্মেলনে কী সংরক্ষণের জন্য বলা হয়েছে?** [রাবি সি' ১৯-২০]

ক) মরুভূমি খ) জলাভূমি গ) কৃষিভূমি ঘ) বনভূমি

**২৬. জলবায়ু পরিবর্তন রোধে গঠিত গ্রিন ক্লাইমেট ফান্ড (GCF)-এর সদর দপ্তর কোথায়?** [ববিপ্রবি ই' ১৯-২০]

ক) জাপান খ) যুক্তরাজ্য গ) ফ্রান্স ঘ) দক্ষিণ কোরিয়া

**২৭. 'এজেন্ডা ২১' বিষয়বস্তু কী?** [রাবি এফ' ১৭-১৮]

ক) পরমাণু খ) পরিবেশ গ) নারী ঘ) সন্ত্রাসবাদ

**২৮. জলবায়ু সংক্রান্ত চুক্তি কোথায় স্বাক্ষরিত হয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশল-১৭]

ক) প্যারিস খ) লন্ডন গ) তেহরান ঘ) টোকিও

**২৯. Loss and Damage নামক আন্তর্জাতিক তহবিল কোন বিষয়ের সাথে সম্পর্কিত?** [১৬তম বিজেএস]

ক) জলবায়ু পরিবর্তন
খ) ইউক্রেন যুদ্ধে ন্যাটো'র ব্যয়
গ) আন্তঃদেশীয় বাণিজ্য
ঘ) আন্তর্জাতিক ঋণ

**৩০. কোন সম্মেলনে গ্রিন ক্লাইমেট ফান্ড গঠনের অঙ্গীকার করা হয়?** [ NSI এর সহকারী পরিচালক-১৫]

ক) বার্লিন সম্মেলন খ) কানকুন গ) কোপেন হেগেন ঘ) ডারবান সম্মেলন

**৩১. কিয়াটো চুক্তির গুরুত্বের বিষয় কি ছিল?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা- ১৫]

ক) জনসংখ্যা হ্রাস খ) দারিদ্র হ্রাস গ) নিরস্ত্রীকরণ ঘ) বিশ্ব উষ্ণতা হ্রাস

**৩২. জাতিসংঘের উদ্যোগে প্রথম পরিবেশ বিষয়ক সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা-০৪]

ক) নিউইয়র্ক খ) স্টকহোম গ) বেইজিং ঘ) রিও ডি জেনিরো

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৪. ঘ | ২৫. খ | ২৬. ঘ | ২৭. খ | ২৮. ক | ২৯. ক | ৩০. গ | ৩১. ঘ |
| ৩২. খ | | | | | | | |


**BUP, বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, বিসিএস, মেডিকেল, ব্যাংক পরীক্ষা এবং বিভিন্ন চাকুরিসহ যে কোন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য জোবায়ের'স সিরিজের**

**"Zubair's GK (English Version)"**




**জোবায়ের'স সিরিজের সকল বই ঘরে বসে সহজে পেতে অর্ডার করুন-**

**rokomari.com**
**01519521971 (Whatsapp)**
**অথবা**
**mamunbooks.com**
**(01914-950420)**




Scanned with CamScanner

# বিভিন্ন গেরিলা ও বিপ্লবী সংগঠন

## ফার্ক (FARC)

- **FARC-** Fuerzs Armadas Revolucionarias de Colombia (স্প্যানিশ)।
  Revolutionary Armed Forces of Colombia (ইংরেজি)
- **প্রতিষ্ঠা-** ১৯৬৪ সালে; কলম্বিয়ার গেরিলা সংগঠন।
- **কার্যকর ছিল-** ১৯৬৪ থেকে ২০১৬ সাল পর্যন্ত।
- **কলম্বিয়ার প্রেসিডেন্ট হুয়ান ম্যানুয়েল সান্তোস ও ফার্ক বিদ্রোহীদের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়-** ২০১৬ সালে; কিউবার রাজধানী হাভানায়।
- **২০১৬ সালের শান্তি চুক্তির মাধ্যমে বন্ধ হয়-** কলম্বিয়ার ৫৩ বছরের গৃহযুদ্ধ।

## MNLF

- **MNLF-** Moro National Liberation Front.
- **Bangsamoro Organic Law স্বায়ত্তশাসন আইন অনুমোদন হয়-** ২০১৯ সালে।
- **লক্ষ্য-** ফিলিপাইনের মিন্দানাও দ্বীপে একটি স্বাধীন মুসলিম রাষ্ট্র প্রতিষ্ঠা।

## ফাতাহ


ইয়াসির আরাফাত ফাতাহ প্রতিষ্ঠা করেন ১৯৫৯ সালে

- **'ফাতাহ'এর প্রতিষ্ঠা–** ১৯৫৯ সালে।
- **'ফাতাহ' শব্দের অর্থ–** বিজয়।
- **'ফাতাহ' যে ভাষার শব্দ–** আরবি।
- **'ফাতাহ' এর সদরদপ্তর–** রামাল্লা।
- **'ফাতাহ'-এর প্রতিষ্ঠাতা–** ইয়াসির আরাফাত।
- **'ফাতাহ' এর সামরিক শাখার নাম-** সায়িক্কা বা বজ্র।

## হিজবুল্লাহ



হিজবুল্লাহর পতাকা

- **হিজবুল্লাহ যে দেশভিত্তিক সংগঠন-** লেবানন।
- **হিজবুল্লাহ শব্দের অর্থ-** আল্লাহর দল।
- **হিজবুল্লাহের যাত্রা শুরু হয়-** ১৯৮৫ সালে।
- **হিজবুল্লাহর প্রধান-** শেখ হাসান নাসরুল্লাহ।
- **হিজবুল্লাহর টেলিভিশন চ্যানেলের নাম-** আল মানার।
- **লক্ষ্য-** স্বাধীন ফিলিস্তিন প্রতিষ্ঠা।



Scanned with CamScanner

## হামাস



হামাস প্রতিষ্ঠা করেন শেখ আহমেদ ইয়াসিন

- **প্রতিষ্ঠা-** ১৯৮৭ সালে।
- **হামাস যে দেশভিত্তিক সংগঠন–** ফিলিস্তিন।
- **'হামাস' শব্দের অর্থ–** সজীবতা ও উদ্দীপনা।
- **হামাসের প্রতিষ্ঠাতা–** শেখ ইয়াসিন।
- **সদর দপ্তর-** গাজা উপত্যকা।
- **হামাসের সামাজিক শাখার নাম-** দাওয়া।
- **হামাস রাজনৈতিক শাখার প্রধান-** ইসমাইল হানিয়া।

## LTTE

- **LTTE-** শ্রীলংকার তামিলদের বিচ্ছিন্নতাবাদী সংগঠনের নাম।
- **পূর্ণরূপ-** Liberation Tigers of Tamil Eelam.
- **সংগঠনটি প্রতিষ্ঠিত হয়-** ১৯৭৬ সালে।
- **সংগঠনটির প্রতিষ্ঠাতা-** ভিলুপিল্লাই প্রভাকরণ।
- **ভিলুপিল্লাই প্রভাকরণ নিহত হন-** ২০০৯ সালে।
- **তামিল টাইগারদের রাজধানী ছিল-** জাফনা দ্বীপ।
- **উদ্দেশ্য ছিল-** জাফনা উপদ্বীপে স্বাধীন তামিল রাষ্ট্র প্রতিষ্ঠা করা।
- **LTTE ও শ্রীলংকার সরকারের মধ্যে মধ্যস্থকারী দেশ-** নরওয়ে।
- **শ্রীলংকা সরকার 'এলটিটিই'-কে নিষিদ্ধ ঘোষণা করে-** ১৯৯৮ সালে।

## আল কায়েদা

- **প্রতিষ্ঠা-** ১৯৮৮ সালে; পাকিস্তানের পেশোয়ারে।
- **প্রতিষ্ঠাতা প্রধান-** ওসামা বিন লাদেন।
- **ওসামা বিন লাদেন নিহত হন-** ২০১১ সালের ২ মে; পাকিস্তানের ইসলামাবাদের অ্যাবোটাবাদ শহরে মার্কিন বাহিনীর হামলায়।
- **বর্তমান প্রধান-** আয়মান আল জাওয়াহিরি (মিশর)।

## ISIS

- **ISIS-** Islamic State in Iraq and Syria.
- **যে দেশভিত্তিক সংগঠন-** ইরাক ও সিরিয়া।
- **সংগঠনটি Islamic State in Iraq নামে আত্মপ্রকাশ করে-** ২০০৬ সালে।

## কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টি (PKK)

- **PKK-** Partiya Karkeren Kurdistane (তুর্কি ভাষায়)।
- **PKK হলো-** কুর্দিদের একটি সামরিক সংস্থা।
- **কুর্দিস্তান বলতে-** তুরস্ক, ইরাক, ইরান, সিরিয়ার কুর্দি অধ্যুষিত অঞ্চলকে বুঝায়।



Scanned with CamScanner

## তালেবান

- তালেবান- আফগানিস্তানে ইসলামী ছাত্র সংগঠনের মিলিশিয়া বাহিনী।
- প্রতিষ্ঠিত হয়- ১৯৯৪ সালে; তালেবান শব্দের অর্থ- ছাত্র।
- প্রতিষ্ঠাতা- মোল্লা মোহাম্মদ ওমর।
- তালেবান বিরোধী সংগঠনের নাম- 'নর্দার্ন অ্যালায়েন্স'।
- প্রথমবার রাষ্ট্র ক্ষমতায় ছিল- ১৯৯৬-২০০১ সাল পর্যন্ত।
- আফগানিস্তানে তালেবান সরকারের পতন হয়- ২০০১ সালে।
- দ্বিতীয়বার রাষ্ট্র ক্ষমতায় আসে- ১৫ আগস্ট, ২০২১।

## আবু সায়াফ

- আবু সায়াফ হলো- ফিলিফাইনের মিন্দানাও অঞ্চলের গেরিলা সংগঠন।
- লক্ষ্য- মিন্দানাও অঞ্চলে স্বাধীনতা।
- মিন্দানাও অঞ্চলের স্বাধীনতার জন্য মুসলিমরা সংগ্রাম করছে।

## Black September

- পরিচয়- ফিলিস্তিনের একটি গেরিলা সংগঠন।
- প্রতিষ্ঠা- ১৯৭০ সালে।

## জেকেএলএফ (JKLF)

- পূর্ণরূপ- Jammu Kashmir Liberation Front.
- JKLF-এর লক্ষ্য – জম্মু ও কাশ্মীর রাজ্যের স্বাধীনতা অর্জন।

## উলফা (ULFA)

- পূর্ণরূপ- United Liberation Front of Asam.
- ULFA-এর লক্ষ্য- ভারত থেকে মুক্ত হয়ে একটি স্বাধীন আসাম রাজ্য প্রতিষ্ঠা।
- প্রতিষ্ঠাতা- পরেশ বড়ুয়া।

## কেএনইউ (KNU)

- পূর্ণরূপ- Karen National Union.
- KNU-এর লক্ষ্য- মিয়ানমারে কারেন রাজ্যকে স্বাধীন রাষ্ট্রে প্রতিষ্ঠা করা।



Scanned with CamScanner

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

১. **আইরিশ রিপাবলিকান আর্মির রাজনৈতিক শাখা-** (DU খ ০২-০৩, ৯৮-৯৯, ৯৭-৯৮)
ক) ইনকাথা খ) সিন ফেইন গ) আল-ফারান ঘ) কারেন

২. **FARC গেরিলারা কোন দেশে তাদের কার্যক্রম চালাচ্ছে?** (DU ঘ ০৮-০৯)
ক) পেরু খ) কলম্বিয়া গ) চিলি ঘ) কোস্টারিকা

৩. **'সাইনিং পাথ' হচ্ছে-** (DU ঘ ০৬-০৭)
ক) পেরুর গেরিলা সংগঠন খ) নেপালের গেরিলা সংগঠন
গ) নিকারাগুয়ার রাজনৈতিক দল ঘ) হন্ডুরাসের রাজনৈতিক দল

৪. **উলফা কোন অঞ্চলের সন্ত্রাসবাদী দল?** (DU ঘ ৯৬-৯৭)
ক) ত্রিপুরা খ) আসাম গ) নাগাল্যান্ড ঘ) মণিপুর

৫. **IRA কী?** (DU ঘ ৯৬-৯৭)
ক) গেরিলা দল খ) বিমান সংস্থা গ) বহুজাতিক সংস্থা ঘ) রাজনৈতিক দল

### বি সি এস

৬. **ফেয়ার ফ্যাক্স কী?** (28 BCS)
ক) সংবাদ সংস্থা খ) পরিবেশ সংস্থা গ) গোয়েন্দা সংস্থা ঘ) মানবাধিকার সংস্থা

৭. **নিকারাগুয়ায় 'কন্ট্রা' বিদ্রোহীরা কোন দেশের সমর্থনপুষ্ট ছিল?** (24, 10 BCS)
ক) যুক্তরাজ্য খ) যুক্তরাষ্ট্র গ) কোরিয়া ঘ) কিউবা

৮. **'ব্ল্যাক ক্যাট' কোন দেশের কমান্ডো বাহিনী?** (বাতিলকৃত 24 BCS)
ক) নেপাল খ) ভারত গ) মায়ানমার ঘ) ইরান

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

৯. **হামাস গেরিলা সংগঠনটি-** (রাবি-সমাজকর্ম, ০৩-০৪)
ক) প্যালেস্টাইনের খ) ইসরাইলের গ) ফিলিপাইনের ঘ) হাইতির

১০. **ওসামা বিন লাদেন কোন সংগঠনের নেতা ছিলেন?** (রাবি-মার্কেটিং বিভাগ-অবাণিজ্য, ০১-০২)
ক) পিএলও খ) আল-জাজিরা গ) আল কায়েদা ঘ) আল ফাতাহ গ্রুপ

১১. **'ইউনিটা' কোন দেশের গেরিলা সংগঠন?** (তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক, গ্রেড ০৩)
ক) অ্যাঙ্গোলা খ) উগান্ডা গ) মায়ানমার ঘ) পেরু

১২. **রেড আর্মি কোন দেশের গেরিলা সংগঠন?** (বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সহকারী-১২)
ক) ভারত খ) মায়ানমার গ) জাপান ঘ) ইংল্যান্ড

১৩. **ইসরাইলের গোয়েন্দা সংস্থার নাম-** (থানা শিক্ষা অফিসার-১০)
ক) সিআইএ খ) কেজিবি গ) মোসাদ ঘ) আরএডব্লিউ

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. খ | ২. খ | ৩. ক | ৪. খ | ৫. ক | ৬. গ | ৭. খ | ৮. খ |
| ৯. ক | ১০. গ | ১১. ক | ১২. গ | ১৩. গ | | | |



Scanned with CamScanner

# বিশ্বের গোয়েন্দা সংস্থা

| গোয়েন্দা সংস্থা | বিশেষ তথ্য |
|---|---|
| **FBI** | ◆ পূর্ণরূপ- Federal Bureau of Investigation.<br>◆ পরিচয়- যুক্তরাষ্ট্রের আইন প্রয়োগকারী সংস্থা ও গোয়েন্দা সংস্থা।<br>◆ সদর দপ্তর- ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র।<br>◆ প্রতিষ্ঠাতা- মার্কিন প্রসিডেন্ট থিওডোর রুজভেল্ট। |
| **CIA** | ◆ পূর্ণরূপ- Central Intelligence Agency.<br>◆ পরিচয়- যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় বেসামরিক গোয়েন্দা সংস্থা।<br>◆ সদর দপ্তর- ভার্জিনিয়া, যুক্তরাষ্ট্র। |
| **Fairfax** | ◆ পরিচয়- যুক্তরাষ্ট্রের বেসরকারি অর্থনৈতিক গোয়েন্দা সংস্থা।<br>◆ বৈশিষ্ট্য- যুক্তরাষ্ট্রের প্রধান গোয়েন্দা সংস্থা।<br>◆ সদর দপ্তর- ভার্জিনিয়া, যুক্তরাষ্ট্র।<br>নোট: 'ইন্টারফ্যাক্স' হলো রাশিয়ার বার্তা সংস্থা। |
| **KGB** | ◆ পরিচয়- সোভিয়েত ইউনিয়নের স্নায়ুযুদ্ধকালীন গোয়েন্দা সংস্থা।<br>◆ সদর দপ্তর- লুবাঙ্কা স্কয়ার, মস্কো, রাশিয়া।<br>◆ ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়নের পতন হলে KGB ভেঙ্গে গঠিত হয়-<br>➢ Federal Security Service (FSB).<br>➢ Foreign Intelligence Service (SVR). |
| **FSB** | ◆ পূর্ণরূপ- Federal Security Service.<br>◆ সদর দপ্তর- লুবাঙ্কা স্কয়ার, মস্কো, রাশিয়া।<br>◆ সংস্থাটির পূর্বনাম- KGB. |
| **CBI** | ◆ পূর্ণরূপ- Central Bureau of Investigation.<br>◆ পরিচয়- ভারতের দুর্নীতি বিরোধী সংস্থা।<br>◆ সদর দপ্তর- নয়া দিল্লি, ভারত। |
| **RAW** | ◆ পূর্ণরূপ- Research and Analysis Wing.<br>◆ পরিচয়- ভারতের বৈদেশিক গোয়েন্দা সংস্থা।<br>◆ সদর দপ্তর- নয়া দিল্লি, ভারত। |
| **Scotland Yard** | ◆ পরিচয়- ব্রিটিশ মেট্রোপলিটন পুলিশের কার্যালয়।<br>◆ সদর দপ্তর- ওয়েস্ট মিনিস্টার, লন্ডন, যুক্তরাজ্য। |
| **Mossad** | ◆ পরিচয়- ইসরাইলের প্রধান ও জাতীয় গোয়েন্দা সংস্থা।<br>◆ প্রতিষ্ঠিত হয়- ১৯৪৯ সালে।<br>◆ সদর দপ্তর- তেল আবিব, ইসরাইল। |



Scanned with CamScanner

## অন্যান্য গুরুত্বপূর্ণ গোয়েন্দা সংস্থা

| দেশ | গোয়েন্দা সংস্থা |
|---|---|
| চীন | Ministry of State Security (MSS) |
| মিশর | Al-Mukhabarat al-Ammah (মুখবারাত) |
| ইসরাইল | Aman (আমান), Shabak (সাভাক), শিন বেট |
| জাপান | Naicho (নাইচো) |
| পাকিস্তান | Inter-Services Intelligence (ISI) |
| ইন্দোনেশিয়া | Badan Intelijen Negara (BIN) |
| ইরান | Vevak (ভিভাক) |

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

০১. **ফেয়ার ফ্যাক্স কী?** (28 BCS, জবি খ' ১৫-১৬)
ক) সংবাদ সংস্থা খ) পরিবেশ সংস্থা গ) গোয়েন্দা সংস্থা ঘ) মানবাধিকার সংস্থা


০২. **ব্রিটিশ গোয়েন্দা সংস্থার নাম-** (জবি ঘ' ০৬-০৭)
ক) CIA খ) FBI গ) Scotland Yard ঘ) KGB

০৩. **CIA এর সদর দপ্তর কোথায় অবস্থিত?** (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক ০৫)
ক) ওয়াশিংটন খ) নিউইয়র্ক গ) ডালাস ঘ) ভার্জিনিয়া

০৪. **KGB কোন দেশের গোয়েন্দা সংস্থা?** (ইবি খ' ০৬-০৭)
ক) রাশিয়া খ) জার্মানি গ) কানাডা ঘ) ফ্রান্স

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. গ | ২. গ | ৩. ঘ | ৪. ক | | | | |






Scanned with CamScanner